দোষ হয়, নবম হইলে হয় না। বর ও কন্যা উভয়ের রাশি অপেক্ষাকৃত গণনাতে দ্বিতীয় আর দ্বাদশ হইলে দ্বিদ্বাদশ বলে ইহাতে বিবাহ হইলে নির্দ্ধনতাযোগ হইয়া থাকে কিন্তু দ্বাদশ মেলকও দুই প্রকার-এক অরি দ্বিদ্বাদশ অপর মিত্র দ্বিদ্বাদশ, অরি দ্বিদ্বাদশ এই ধনু মকর, কুম্ভ মীন, মেষ বৃষ, মিথুন কর্কট, সিংহ কন্যা, তুলা ও বৃশ্চিকরাশির দ্বিদ্বাদশ অরি দ্বিদ্বাদশ ইহাতে বিবাহ হইলে মৃত্যু ও ধনহানি হইয়া থাকে। মিত্র দ্বিদ্বাদশ এই ধনু বৃশ্চিক, কুম্ভ মকর, মেষ মীন, সিংহ কর্কট, মিথুন বৃষ, তুলা ও কন্যারাশির দ্বিদ্বাদশ মিত্র দ্বিদ্বাদশ ইহাতে বিবাহ হইলে আয়ু ও ধন বৃদ্ধি হয়। কিন্তু যদি বরের রাশি হইতে কন্যার রাশি দ্বিতীয় হয় এবং যদি মিত্র দ্বিদ্বাদশ মেলকও হইয়া থাকে তথাপি ধন ও আয়ু বৃদ্ধিকর না হইয়া ক্ষয়কর হইয়া থাকে ॥ ২৪ ॥

বরের রাশি অপেক্ষা কন্যার রাশি যদি পঞ্চম হয় তবে বিবাহ হইলে সেই কন্যা মৃতবৎসা হয়। আর নবম হইলে পতিপ্রেয়সী এবং পুত্রবতী হয়। আর দ্বিদ্বাদশ মিলনে বরের রাশি হইতে কন্যারাশি দ্বিতীয় হয় তাহা হইলে বিবাহে ধনহানি হয় আর দ্বাদশ হইলে পুত্রবতী ও পতির প্রিয় হয় ॥ ২৫ ॥

দ্বিদ্বাদশ নবপঞ্চকয়োরপবাদঃ।

ঐকাধিপত্যং ভবনেশমৈত্রং বশ্যং যদি স্যাদুভয়োড়ু-
শুদ্ধৌ। দ্বিদ্বাদশে বা নবপঞ্চমে বা কার্য্যো
বিবাহো ন ষড়ষ্টকে তু ॥ ২৬ ॥

পুনস্তয়োরপবাদমাহ। ঐকাধিপত্যমিতি। উভয়োরাশ্যোরেকাধিপতির্যদি স্যাত্তদা দ্বিদ্বাদশে নবপঞ্চকে চ ন দোষ ইতি তথা উভয়োরাশ্যধিপত্যোর্মিত্রত্বং বা স্যাৎ যদি বা উভয়োরাশ্যোর্বশিত্বং স্যাৎ তথাপি বিবাহঃ কার্য্য ইত্যর্থঃ। এতচ্চ উভয়োড়ুশুদ্ধাবেব কার্য্যং নান্যথা। উভয়োড়ুশুদ্ধৌ অন্যোন্য জন্ম সম্পদাদি তারা শুদ্ধাবিত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে। সৌহৃদ্যে হ্যুভয়োর্ভবেদ্যদি তয়োরৈকাধিপত্যেহপি বা। তারা মিত্র সুমিত্র জন্ম শুভদা (ষষ্ঠ সাধকতারা) ক্ষেমা চ সম্পৎকরী। ষষ্ঠাষ্টে নবপঞ্চমে ব্যয়ধনে যোগেহপি পুংযোষিতোঃ প্রীত্যায়ুঃ সুতবিত্তবৃদ্ধিজনকঃ কার্য্যোবিবাহস্তদা। মৈত্রাদি যোগেহপি ষড়ষ্টকাদৌ তারা বিপৎ প্রত্যরি নৈধনাখ্যা। বর্জ্জ্যা বিবাহাদিষু কীর্ত্তিতা তু প্রীতিঃ পরা জন্মসু তারকাসু। এতেনোভয়োড়ুশুদ্ধাবন্যোন্য নাড়ীনক্ষত্র শুদ্ধাবিতি কেনচিদ্ব্যাখ্যাতং তদশুদ্ধং। অন্যথা নাড়ীযোগস্য স্বত এব নিষিদ্ধত্বেনোভয়োড়ুশুদ্ধাবিত্যনর্থকং স্যাৎ ইতি। ন ষড়ষ্টকে ত্বিতি ষড়ষ্টকে তু এবমৈকাধিপত্যাদিবিচারো ন কার্য্যঃ তস্য সর্ব্বদৈব নিষিদ্ধত্বাদিতি। অত্র চ রাজমার্ত্তণ্ডাদৌ ষড়ষ্টকেহপি ঐকাধিপত্যাদৌ বিবাহো দর্শিতঃ। যথা সৌহৃদ্যে হ্যুভয়োরিত্যাদি বচনদ্বয়ং পূর্ব্বলিখিতমাস্তে। তথা বৃহদ্বিবাহকুণ্ডল্যাং। ষট্কাষ্টকেহপি ভবনাধিপ মিত্রভাবমৈকাধিপত্যমবলোক্য চ বশ্যরাশিং। কার্য্যো বিবাহসময়ঃ শুভকৃন্নরাণাং তারাভবেদ্যদি পরস্পরতো বিশুদ্ধঃ। তথা রাজমার্ত্তণ্ডে। ঐকাধিপত্যাদি রাশীনাহ। মকরসনাথং মিথুনং কন্যাকলসৌ মৃগেন্দ্রমীনৌ চ বৃষভ ধটাহবজকীটৌ কর্কট ধনুষী মিত্রবিধৌ। তথা তত্রৈবামিত্ররাশীনাহ। মকরঃ করিকুলরিপুণা যোষা (কন্যা) মেষেণ সহ-

যদি বর ও কন্যার রাশির অধিপতি গ্রহের পরস্পর মিত্রতা থাকে কিম্বা উভয়ের রাশি পরস্পর বশ্য হয় তবে দ্বিদ্বাদশ ও নবপঞ্চকমেলকে ও বিবাহ দেওয়া যাইতে পারে কিন্তু ষড়ষ্টক মেলকে কখনই বিবাহ দেওয়া কর্ত্তব্য নহে ॥২৬॥

ভ্রমপ্রমাদোৎপন্ন ষট্‌কাষ্টকাদিমেলকানাং প্রতীকারঃ।

ষট্‌কাষ্টকে (ষড়ষ্টকে) গোমিথুনং প্রদেয়ং কাংস্যং সরূপ্যং নবপঞ্চকে তু। দ্বিদ্বাদশাখ্যে কনকান্নতাম্রং বিপ্রার্চ্চনং হেম চ নাড়ীদোষে ॥ ২৭ ॥

বরণাদিষু বৈবাহিক তিথিনক্ষত্রাদিভিঃ শুদ্ধিকথনং।

বরণপ্রদান পরিণয় শচীপরিকর্ম্মাভিষেক কর্ম্মাণি। শুভে তিথৌ বিলগ্নে ন ভবন্তি কিলাল্পপুণ্যানাং ॥২৮॥

ঝসন্তলয়া। ঘটকর্কটৌ বৃষধনুষী বৃশ্চিকমিথুনৌ চারিবিধৌ। এবঞ্চ মতদ্বয় বিরোধে যুক্তিঃ কল্প্যতে ষড়ষ্টকস্য দোষদ্বয়ং কলহোবিপত্তিশ্চেতি তত্র চৈকাধিপত্যাদৌ বিপত্তিদোষাভাবেন কলহমাত্রস্যাল্পদোষত্বাদ্রাজমার্ত্তণ্ডাদৌ বিবাহোদর্শিত ইতি গ্রন্থকৃতাপি কলহস্য দোষত্বান্নিষিদ্ধমিতি ন বিরোধঃ ॥ ২৬ ॥

কদাচিদ্ভ্রমপ্রমাদেন ষড়ষ্টকাদৌ বিবাহে সতি প্রতীকারমাহ। ষড়ষ্টক ইতি। গোমিথুনং স্ত্রীগবী বলীবর্দ্দাবিত্যর্থঃ ॥ ২৭ ॥

এতৎ সর্ব্বং বিবাহবিধানং যত্নেন শুভতিথৌ শুভলগ্নে চ কর্ত্তব্যমিত্যাহ। বরণেতি। বরণং বিবাহাৎপূর্ব্বং বরস্যার্চ্চা, প্রদানং কন্যাদানং পরিণয়ঃ পাণিগ্রহণং শচীপরিকর্ম্ম শচীপূজা বিবাহদিনে স্বস্ত্যয়নার্থং শচীপূজাক্রিয়তে ইতি

যদি কদাচিৎ ভ্রম বা প্রমাদবশতঃ ষড়ষ্টকাদিতে বিবাহ হয় এবং পশ্চাৎ জ্ঞাত হওয়া যায় তাহার শান্তির নিমিত্ত এই সকল দ্রব্য দান করিবে। ষড়ষ্টক হইলে গোমিথুন অর্থাৎ এক স্ত্রীগবী ও এক বলীবর্দ্দ দান করিবে। নবপঞ্চক হইলে সরৌপ্যকাংস্যপাত্র দান করিবে। দ্বিদ্বাদশ হইলে সুবর্ণ, তণ্ডুল ও তাম্র দান করিবে। যদি নাড়ীদোষ হইয়া থাকে তবে যথাবিধি বিপ্রার্চ্চন এবং সুবর্ণ দান করিবে। এই প্রকার দান করিলে ঐ সকল দোষ নষ্ট হইবে॥ ২৭ ॥

বরণ অর্থাৎ বিবাহের পূর্ব্ব বরের অর্চ্চা প্রদান অর্থাৎ কন্যা দান কর্ম্ম-পরিণয় অর্থাৎ পাণিগ্রহণ, শচীপরিকর্ম্ম অর্থাৎ বিবাহদিনে মঙ্গল নিমিত্ত

হস্তোদকাদি বিধিঃ।

সুরভিকুসুমগন্ধৈরর্চ্চয়িত্বা দ্বিজেন্দ্রান্ শুভতিথি দিবসর্ক্ষে দৈববিৎ সংপ্রদিষ্টে। উভয়কুলবিশুদ্ধে জ্ঞাতশীলে সুরূপে প্রথমবয়সি দদ্যাৎ কন্যকাং যৌবনস্থে ॥ ২৯ ॥

বিবাহে পুরুষস্য সূর্য্যাত্মকত্বাৎ রবিশুদ্ধেরবশ্যকর্ত্তব্যতা কন্যায়াশ্চন্দ্রাত্মকত্বাৎ চন্দ্রশুদ্ধেরবশ্যকর্ত্তব্যতা প্রতিপাদনং।

গোচরশুদ্ধাবিন্দুং কন্যায়া যত্নতঃ শুভং বীক্ষ্য।
তীগ্মকিরণঞ্চ পুংসঃ শেষৈরবলৈরপি বিবাহঃ ॥৩০॥

ধিঃ। অভিষেককর্ম্ম বিবাহার্থং সোদ্বর্ত্তনস্নানং এতানি শুভতিথৌ শুভলগ্নে অল্পপুণ্যানাং ন ভবন্তি কিন্তু ভাগ্যবতামেবেতি তস্মাদযত্নেন শুভক্ষণে সর্ব্বং কর্ত্তব্যং ॥ ২৮ ॥

কন্যায়া বাগ্দানবিধিমাহ। সুরভীতি। ঈদৃশে যৌবনস্থে বরে বরবিষয়ে কন্যাং দদ্যাদ্বাগ্দানং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৯ ॥

চন্দ্রশুদ্ধিং রবিশুদ্ধিঞ্চাহ। গোচরশুদ্ধাবিতি। সপ্তমোপচয় ইত্যাদিনা উক্তায়াং গোচরশুদ্ধৌ কন্যায়া যত্নেন শুভং চন্দ্রং দৃষ্ট্বা বিবাহঃ কার্য্য ইত্যর্থঃ।

শচীপূজা, অভিষেক কর্ম্ম অর্থাৎ বিবাহ নিমিত্ত উদ্বর্ত্তন যুক্ত স্নানাদি কর্ম্ম অল্পপুণ্য ব্যক্তিদের শুভতিথি ও শুভলগ্নে প্রায় নির্ব্বাহ হয় না অতএব ভাগ্যবান্ ব্যক্তিরা যত্নপূর্ব্বক এই সকল কার্য্য শুভতিথি শুভলগ্নে সম্পন্ন করিবেন ॥ ২৮ ॥

দৈবজ্ঞ প্রদিষ্ট শুভতিথি/শুভ নক্ষত্র দিবসে সুগন্ধিপুষ্প চন্দনদ্বারা ব্রাহ্মণগণকে অর্চ্চনা করিয়া উভয়কুলশুদ্ধ বিজ্ঞাত কুলশীল যুবা পাত্রকে কন্যাদান (বাগ্দান) করিবে ॥ ২৯ ॥

বিবাহকালীন বর ও কন্যা উভয়ের গোচরাদি স্থানে চন্দ্রশুদ্ধি এবং উভ-

এতেনৈতদুক্তং ভবতি উভয়োরেব চন্দ্রশুদ্ধিঃ কার্য্যা কিন্তত্র কন্যায়া যত্নেনাবশ্যং চন্দ্রশুদ্ধিঃ কার্য্যা বরস্য তু কদাচিৎ কার্য্যবশাৎ প্রতীকারেণাপি বিবাহঃ কার্য্যো নতু কন্যায়া ইত্যর্থঃ। অত্র চ বামবেধাদি শুদ্ধির্যা পূর্ব্বোক্তা সা সর্ব্বত্রকল্পনীয়েত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে। তারানুরূপ ফলদঃ স্বগৃহে স্ববর্গে স্বোচ্চেঽপি শীতকিরণঃ সুহৃদস্ত্রিভাগে। শস্তোঽষ্টবর্গপরিশোধিতগোচরেণ পক্ষাদিশুদ্ধি বিপরীত বিশুদ্ধিশুদ্ধ ইতি। যথা জন্মরাশেঃ শুভঃ সূর্য্য ইত্যাদিনা পূর্ব্বোক্তশুদ্ধৌ সূর্য্যঞ্চ পুংসঃ শুভং বীক্ষ্য বিবাহঃ কার্য্যঃ অত্রাপ্যুভয়োরেব বিশুদ্ধিঃ কার্য্যা কিন্তু পুংসো যত্নেনাবশ্যং রবিশুদ্ধিঃ কার্য্যা কন্যায়াঃ কদাচিৎ কার্য্যবশাৎ প্রতীকারেণ রবিশুদ্ধ্যভাবেঽপি বিবাহঃ ন তু বরস্যেত্যর্থঃ। অতঃ কন্যায়া অপি রবিশুদ্ধিঃ যথা রাজমার্ত্তণ্ডে। জন্মনি ভানৌ বিধবা পতিসুতযুক্তা ভবত্যুপচয়র্ক্ষে। শেষগৃহস্থে কন্যা নানা শোকাতুরা নূনমিতি। অত্র চ গুরুশুদ্ধিরপি চিন্তা যথা তত্রৈব। রবিশুদ্ধৌ গৃহকরণং রবিগুরুশুদ্ধৌ ব্রতোদ্বাহৌ। ক্ষৌরং তারকবিশুদ্ধৌ শেষং কর্ম্ম চন্দ্রাশ্রিতমিতি। গুরুশুদ্ধিস্তু জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগত ইত্যুক্তৈব। তথা জন্মাষ্টমদ্বাদশগঃ সুরেজ্যো বৈধব্যদঃ স্ত্রীক্ষয়কৃত্ত্রিষষ্ঠঃ। দৌর্ভাগ্যদাতা দশমশ্চতুর্থঃ শেষেষু সৌভাগ্যসুখায়কৃৎ স্যাৎ। শেষৈরিতি এতচ্ছেষৈর্ম্মঙ্গলাদিভিরবলৈ র্গোচরাশুদ্ধৈরপি বিবাহঃ কার্য্য ইত্যর্থঃ। এতচ্চ গৌড়দেশীয়ানাং যথা। যদ্যপি সুরগুরুসূর্য্যৌ শস্তৌ কথিতৌ বিবাহযোগেঽপি। সকলগুণোদয়দাত্রী ভানোঃ শুদ্ধিঃ পরা গৌড়ে। তথা রাজমার্ত্তণ্ডে। বৃহস্পতৌ গোচরশোভনস্থে বিবাহমিচ্ছন্তি হি দাক্ষিণাত্যাঃ। রবৌ বিশুদ্ধে প্রবদন্তি গৌড়া ন গোচরে মানবকে প্রমাণং। ভৌমে বিশুদ্ধে যমুনাতটোদ্ভবা হিমালয়োত্থাঃ শশিজে শুভপ্রদে। কৈলাশদেশপ্রভবাঃ শনৈশ্চরে দ্বীপান্তরোত্থা ভৃগুজে জগুঃ শুভং। অত্র চ গ্রহা মিত্রাদি গৃহে স্থিতা অনিষ্টা অপি শুভদাঃ যথা পশুপতি দীপিকায়াং। সুহৃদ গৃহে স্বোচ্চগতোঽপি বা স্বামিত্রেক্ষিতো বা স্বগৃহং গতো বা। অনিষ্ট সংস্থোঽপি ধ্রুবং নরাণাং সর্ব্বোগ্রহঃ শ্রেষ্ঠফলং দদাতি ॥ ৩০ ॥

য়েরই রবিশুদ্ধি করিয়া বিবাহ দিবে যদি দৈবাৎ বরের চন্দ্রশুদ্ধি না হয় তাহাতে ক্ষতি নাই তাহার প্রতীকার করাইয়া বিবাহ দিবে কিন্তু কন্যার চন্দ্রশুদ্ধি

বৈবাহিক নক্ষত্রাদি কথনং।

রেবত্যুত্তররোহিণী-মৃগশিরো-মূলানুরাধামঘাহস্তাস্বাতিষু তৌলি ষষ্ঠ মিথুনেষূদ্যৎসু পাণিগ্রহঃ। সপ্তাষ্টান্ত্যবহিঃ শুভৈরুড়ুপতাবেকাদশ দ্বিত্রিগে ক্রূরৈস্ত্র্যায়ষড়ষ্টগৈর্ন তু ভৃগৌ ষষ্ঠে কুজে চাষ্টমে॥ ৩১॥

বৈবাহিক নক্ষত্রাদীন্যাহ। রেবতীত্যাদি। রেবত্যুত্তরত্রয়াদি নক্ষত্রেষু কন্যা তুলা মিথুনেষু উদ্যৎসু লগ্নেষু পাণিগ্রহো বিবাহঃ কার্য্যঃ তথা লগ্নাৎ সপ্তাষ্টান্ত্য বহিঃ স্থিতৈঃ সপ্তাষ্টদ্বাদশস্থানানি বর্জ্জয়িত্বা অন্যত্র স্থিতৈঃ শুভগ্রহৈঃ তথা লগ্নাদেকাদশ দ্বিতীয় তৃতীয় গতে চন্দ্রে তথা লগ্নাৎ ত্র্যায়ষড়ষ্টগৈঃ পাপৈঃ পাণিগ্রহঃ কার্য্য ইত্যন্বয়ঃ। অত্র চ শুক্রস্য ষষ্ঠস্থানে শুভফলদত্বেপ্রাপ্তে কুজস্য চাষ্টমে শুভফলদত্বে প্রাপ্তে নিষেধমাহ ন তু ভৃগৌ ষষ্ঠে কুজে চাষ্টম ইতি॥ ৩১॥

না হইলে কদাপি বিবাহ দিবে না। সেইরূপ যদি কন্যার রবিশুদ্ধি না হয় তবে তাহার প্রতীকার করিবে কিন্তু কোনপ্রকারে বরের রবিশুদ্ধি না হইলে বিবাহ দিবে না। এইরূপ উভয়েরই গুরুশুদ্ধি করা আবশ্যক তদ্ভিন্ন মঙ্গলাদিগ্রহ সকল অশুদ্ধ হইলে বিবাহে বাধক হইতে পারে না॥ ৩০॥

রেবতী উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিণী মৃগশিরা মূলা অনুরাধা মঘা হস্তা স্বাতী এই কয় নক্ষত্রে, মিথুন কন্যা তুলা লগ্নে বিবাহ প্রশস্ত হয়। মিথুনাদি লগ্নমধ্যে যে লগ্নে বিবাহ হইবে তাহার সপ্তম অষ্টম ও দ্বাদশস্থানে শুভগ্রহ থাকিবে না এবং চন্দ্রও দ্বিতীয় তৃতীয় একাদশস্থানে অবস্থিতি করিবেন এবং পাপগ্রহ সকল তৃতীয় ষষ্ঠ অষ্টম ও একাদশস্থানে স্থিতি করিবে। কিন্তু শুক্র ষষ্ঠস্থানে ও মঙ্গলগ্রহ লগ্নের অষ্টমস্থানে থাকিবেন না॥ ৩১॥

দম্পত্যোর্দ্বিনবাষ্টরাশিরহিতে দারানুকূলে রবৌ
চন্দ্রে চার্ককুজার্কিশুক্রবিযুতে মধ্যেঽথবা পাপয়োঃ
ত্যক্ত্বা চ ব্যতীপাতবৈধৃতিদিনং বিষ্টিঞ্চ রিক্তাং
তিথিং ক্রূরাহায়ন চৈত্র পৌষরহিতে লগ্নাংশকে
মানুষে ॥ ৩২ ॥

পুনঃ সংক্ষেপেণ দম্পত্যোর্যোটকাদীন্যাহ। দম্পত্যোরিতি। দম্পত্যোরন্যোঽন্যং দ্বিনবাষ্টরাশি রহিতে রহিতমিতি ভাবেক্তঃ দ্বিদ্বাদশ নবপঞ্চক ষড়ষ্টক-রাশিযোটকত্যাগে সতি পাণিগ্রহঃ কার্য্য ইতি পূর্ব্বশ্লোকেনান্বয়ঃ। রবৌ দারস্য বরস্যানুকূলে সতি তথা তিগ্মকিরণঞ্চ পুংস ইত্যুক্তমেব। তথা চাভিধানং স্যাদ্দারকোমাণবক ইতি। চন্দ্রে চ শনি কুজ রবিশুক্রযোগ রহিতে সতি কেচিত্তু সর্ব্বগ্রহাযুক্ত ইত্যাহুঃ যথা। রাজমার্ত্তণ্ডে। দারিদ্র্যং রবিণা কুজে চ মরণং সৌম্যেন নষ্টপ্রজা দৌর্ভাগ্যং গুরুণা সিতেন সহিতে চন্দ্রে চ সাপত্ন্যকং। প্রব্রজ্যার্কসুতেন সেন্দুজগুরৌ বাঞ্ছন্তি কেচিচ্ছুভং দ্ব্যাদ্যৈর্মৃত্যুর-সদ্গ্রহৈঃ শুভযুতৈর্দীর্ঘপ্রবাসোঽপি বা। তথা রাহুযুক্তশ্চন্দ্রোঽপি ন শুভঃ যথা। রাজমার্ত্তণ্ডে। রাহুসমেতে চন্দ্রে প্রাপ্তা পাণিগ্রহন্তু যা কন্যা। পরপুরুষাসক্ত-হৃদয়া নীচৈরপি প্রযাতি সংসর্গমিতি। অথ বা শব্দঃ সমুচ্চয়ে চন্দ্রে চ পাপয়োর্ম্মধ্যে স্থিতে সতি বিবাহো ন কার্য্য ইত্যর্থঃ। যথা। তত্রৈব সক্রূরে বা

বর ও কন্যা উভয়ের দ্বিদ্বাদশ নবপঞ্চম ষড়ষ্টক প্রভৃতি মেলক ভিন্ন অন্য-মেলন হইলে বিবাহ প্রশস্ত হয়। আর চন্দ্র রবি মঙ্গল শনি ও শুক্রগ্রহের সহিত অসংযুক্ত হইলেএবং পাপগ্রহের মধ্যবর্ত্তী না হইলে বিবাহ প্রশস্ত হয়। পাপদ্বয় মধ্যবর্ত্তী—এই প্রকার যেমন মীন ও বৃষরাশিতে পাপগ্রহ এবং মেষরাশিস্থ চন্দ্র হইলে পাপদ্বয়মধ্যবর্ত্তী হইয়া থাকে ইহা ভিন্ন ব্যতীপাত ও বৈধৃতিযোগ যুক্তদিন এবং বিষ্টিভদ্রাকরণ রিক্তা তিথি চৈত্রমাস ও পৌষমাস ক্রূরাহায়ন পাপগ্রহেরবার পরিত্যাগ করিয়া বিবাহ প্রশস্ত হয়। ক্রূরাহায়ন পদে কেহ দক্ষিণায়ন, কেহ পাপগ্রহের সঞ্চারদিন বলিয়া থাকেন। আর কন্যা তুলা মিথুন লগ্নে এবং ইহাদের নবাংশেও বিবাহ দেওয়া যাইতে পারে॥ ৩২ ॥

শশিনি ক্রূরদ্বয়মধ্যগে বিলগ্নে বা। শুভকর্ম্মাণি শুভেচ্ছুর্নৈবোপদিশেন্নরেন্দ্রাণাং। তথা ব্যতীপাতবৈধৃতিযোগযুক্তদিনং ত্যক্ত্বা বিষ্টিকরণং রিক্তাতিথিঞ্চ ত্যক্ত্বা পাণিগ্রহঃ কার্য্য ইত্যন্বয়ঃ। অত্র চ নন্দায়াং ভার্গবদিনে ত্রয়োদশ্যাং ত্রিজন্মনি। তত্র শ্রাদ্ধং ন কুর্ব্বীত পুত্রদার ধনক্ষয়াদিতি সাবকাশশ্রাদ্ধ নিষেধাৎ নন্দাতিথৌ ত্রয়োদশ্যাঞ্চ শ্রাদ্ধাসম্ভবে বিবাহো নিষিদ্ধ ইত্যর্থঃ। ক্রূরাহায়ন চৈত্রপৌষরহিত ইতি ক্রূরাহায়নচৈত্রপৌষাণাং রহিতে ত্যাগে সতীত্যর্থঃ। ক্রূরাহাঃ পাপগ্রহবারাঃ এতেন সোমবুধ গুরুশুক্রবারাঃ প্রশস্তা ইত্যর্থঃ। অত্র চ নন্দায়াং ভার্গবদিনে ইত্যাদিনা সাবকাশশ্রাদ্ধনিষেধেঽপি শুক্রবারে বিবাহঃ কার্য্যঃ শুক্রবারস্য শব্দোপাত্তত্বে তত্তদ্বিধিবৈয়র্থ্যাপত্তেঃ যথা। পশুপতিদীপিকায়াং। পৌষ্ণা ২৭ নুরাধ ১৭ মঘ ১০ রোহিণী ৪ মূল ১৯ হস্তাঃ ১৩ স্বাত্যু ১৫ ত্তরা ১২ ২১ ২৬ মৃগশিরশ্চ ৩ শুভা বিবাহে। বারাস্তথা বুধবৃহস্পতি শুক্র চন্দ্রা রিক্তেতরাশ্চ তিথয়ঃ খলু বিষ্টিহীনাঃ। এতেন যত্র সামান্য বিধিস্তত্র সাবকাশশ্রাদ্ধনিষেধঃ যত্র চ শব্দোবিশেষবিধিস্তত্র কর্ত্তব্যমেবেতি নির্গলিতার্থঃ। তথা ক্রূরগ্রহস্যায়নং সঞ্চারদিনং কেচিত্তু ক্রূরায়ণং দক্ষিণায়নমিত্যাহুঃ তন্ন পৌষনিষেধস্যবৈয়র্থ্যত্বাদিতি তথা পৌষ চৈত্রমাসয়োস্ত্যাগে সতীত্যর্থঃ। রাজমার্ত্তণ্ডে। মঙ্গল্যেষু বিবাহেষু কন্যাসম্বরণেষু চ। দশমাসাঃ প্রশস্যন্তে চৈত্রপৌষবিবর্জ্জিতাঃ। কেচিত্তু যাম্যায়নে নিষেধমাহুঃ যথা তত্রৈব। উঢ়া দক্ষিণমার্গগে দিনপতৌ নৈব প্রতিষ্ঠাং ব্রজেৎ। কন্যেত্যাহ সমস্তশাস্ত্রকুশলো বৈদ্যো মুনীনাং মতং। সাধ্বীত্যুত্তরমার্গগে সুতধনোপেতা বিহায়াপরে চৈত্রং পৌষযুতং হরেশ্চ শয়নং শেষং জগুঃ শোভনমিতি। অত্র চ মুনিমতদ্বৈধে বৈকল্পিক এব শাস্ত্রার্থঃ ষোড়শি গ্রহণাগ্রহণ বদিতি অত্র চ কন্যায়া বৎসরশুদ্ধিমাহ। রাজমার্ত্তণ্ডে। মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে যুগ্মে তু মাসত্রয়মেব যাবৎ। বিবাহশুদ্ধিং প্রবদন্তি নার্য্যা বাৎস্যাদয়ো জ্যোতিষি জন্মমাসাৎ। অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষাতু কন্যকা। সংপ্রাপ্তে দ্বাদশেবর্ষে [নববর্ষা তু রোহিণী দশবর্ষা ভবেৎ কন্যা ইতি দ্বিপাঠঃ] পরতস্তু রজস্বলা। মাতা চৈব পিতা চৈব জ্যেষ্ঠ ভ্রাতা তথৈব চ। ত্রয়স্তে নরকং যান্তি দৃষ্ট্বা কন্যাং রজস্বলাং। যস্তাং বিবাহয়েৎ কন্যাং ব্রাহ্মণোমদমোহিতঃ। অসম্ভাষ্যো হ্যপাঙ্ক্তেয়ঃ স বিপ্রোবৃষলীপতিঃ। অতিপ্রৌঢ়ায়াস্তু কালানিয়মমাহ

বৈবাহিকনক্ষত্রাণাং গণ্ডপাদবর্জ্জনং।

আদ্যে মঘাচতুর্ভাগে নৈর্ঋতস্যাদ্য এব চ।
রেবত্যন্তচতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ॥ ৩৩॥

কন্যাদিনবাংশস্যোৎকর্ষ কথনং।

কন্যাতুলাভৃন্মিথুনেষু সাধ্বী শেষেষ্বসাধ্বী ধনবর্জ্জিতা চ। নিন্দ্যেঽপি লগ্নে দ্বিপদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেষ্বপি নান্যভাগঃ॥ ৩৪॥

অতিপ্রৌঢ়া তু যা কন্যা নানুকূল্যং প্রতীক্ষত ইতি। লগ্নাংশকে মানুষ ইতি কন্যা তুলা মিথুন লগ্নে তন্নবাংশে চ পাণিগ্রহঃ কার্য্য ইত্যর্থঃ। সৌভরিণা তু কুম্ভ ধনুষোরপ্যুক্তং তদশুদ্ধং। কন্যাতুলাভৃন্মিথুনেষু সাধ্বী শেষেষ্বসাধ্বী ধনবর্জিতেতি বক্ষ্যমাণত্বাৎ উক্তঞ্চ তৌলিষষ্ঠমিথুনেষূদ্যৎস্বিতি॥ ৩২॥

গণ্ডপাদ বর্জ্জনমাহ। আদ্য ইতি। মঘায়া আদ্যে চতুর্থভাগে প্রথমপাদে নৈর্ঋতস্য মূলায়াশ্চ প্রথমপাদে রেবত্যা অন্তপাদে বিবাহঃ প্রাণনাশকঃ অন্যেষান্তু গণ্ডানামবৈবাহিক নক্ষত্রত্বেন স্বতএব নিষেধ ইতি॥ ৩৩॥

বিহিতলগ্ননবাংশানাহ। কন্যেতি। নিন্দে লগ্নে কন্যাদি ব্যতিরিক্তলগ্নে দ্বিপদানাং কন্যাদীনাং নবাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নাভাবে তন্নবাংশে বা কর্ত্তব্যমিত্যর্থঃ। তথা কন্যাদিলগ্নেষ্বপি অন্যনবাংশে ন কার্য্যং কিন্তু তেষাং নবাংশ এব॥ ৩৪॥

বিবাহে রেবত্যাদি যে সকল নক্ষত্র বৈধ বলিয়া কথিত হইয়াছে তাহার মধ্যে বিশেষ এই যে, মঘা নক্ষত্রের প্রথমপাদে এবং মূলার প্রথমপাদে, আর রেবতীর চতুর্থপাদে বিবাহ হইলে প্রাণনাশ হয়॥ ৩৩॥

কন্যা তুলা মিথুন এই কয় লগ্নে বিবাহ হইলে কন্যা সাধ্বী হয় আর ইহা ভিন্ন লগ্নে বিবাহ হইলে অসাধ্বী এবং ধনহীনা হয়। কিন্তু এই সকল নিন্দিত লগ্নেতেও কন্যা তুলা মিথুনের যে নবাংশ তাহাতে বিবাহ মঙ্গলদায়ক হয়। এবং কন্যাদিলগ্নেও কন্যাদির নবাংশও প্রশস্ত হয়॥ ৩৪॥

স্বামিনিরীক্ষিতলগ্নযামিত্র নবাংশবশেন দম্পত্যোঃ শুভকথনং।

যস্যাংশঃ কথিতো রাশেঃ স চেৎ স্বাম্যবলোকিতঃ।
তদা পুংসঃ শুভং বিদ্যাৎ সপ্তমাংশে ততঃ স্ত্রিয়াঃ॥৩৫॥

স্থতহিবুকযোগঃ।

স্থতহিবুকবিয়দ্বিলগ্নধর্ম্মেষ্বমরগুরুর্যদি দানবার্চ্চিতো বা। যদশুভমুপযাতি তচ্ছুভত্বং শুভমপি বৃদ্ধিমুপৈতি তৎ প্রভবাৎ॥ ৩৬॥

নবাংশফলমাহ। যস্যাংশ ইতি। যস্য রাশের্নবাংশো লগ্নে কথিতো বিহিতঃ স চেদ্রাশিস্বাম্যবলোকিতঃ স্যাৎ পুংসস্তদাশুভং ততস্তস্মাদিষ্টনবাংশরাশের্যঃ সপ্তমো রাশিঃ স চেৎ স্বাম্যবলোকিতঃ তদা স্ত্রিয়াঃ শুভং কেচিত্তু লগ্নাদয়ঃ সপ্তমোরাশিরিতি বদন্তি তদশুদ্ধং নবাংশস্যৈব ফলকথনাৎ তথা চ বৃহদ্বিবাহ কুণ্ডল্যাং। বিলগ্নাংশঃ স্বনাথেন যত্যুদ্বাহে ন দৃশ্যতে। পুংবিনাশস্ততোহস্তাংশে যদ্যেবং যোষিতস্ততঃ॥ ৩৫॥

স্থতহিবুকাদি যোগমাহ। স্থতহিবুকেতি। স্থগমং॥ ৩৬॥

বিবাহলগ্নে যে রাশির নবাংশ কথিত হইয়াছে, সেই রাশি যদি তাহার অধিপতিগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বিবাহে পুরুষের শুভ হয়। আর সেই নবাংশরাশির সপ্তমরাশি যদি তাহার অধিপতিকর্ত্তৃক দৃষ্ট হয় তবে বিবাহে স্ত্রীর শুভ হয়॥ ৩৫॥

বিবাহের লগ্নেতে কিম্বা তাহা অপেক্ষা করিয়া পঞ্চম স্থানেতে অথবা চতুর্থ স্থানেতে কিম্বা নবম স্থানেতে কিম্বা দশম স্থানেতে বৃহস্পতি কিম্বা শুক্র এই দুই গ্রহের এক গ্রহ যদি থাকে তবে লগ্নে যে দোষ থাকে তাহাকে নষ্ট করেন এবং যে শুভ থাকে তাহার বৃদ্ধি করেন॥ ৩৬॥

গোধূলিযোগঃ ।

সন্ধ্যাতপারুণিত পশ্চিমদিগ্বিভাগে ব্যোম্নি স্ফুরদ্বিমলতারক সন্নিবেশে । ঊর্দ্ধে গবাং খুরপুটোদ্দলিতৈ রজোভির্গোধূলিরেষ কথিতো ভৃগুজেন যোগঃ ॥ ৩৭ ॥

গোধূলি প্রশংসা ।

নাস্মিন্ গ্রহা ন তিথয়ো ন চ বিষ্টিবারা ঋক্ষাণি নৈব জনয়ন্তি কদাপি বিঘ্নং । অব্যাহতঃ সততমেব বিবাহ কালে যাত্রাসু চায়মুদিতো ভৃগুজেন যোগঃ ॥ ৩৮ ॥

গোধূলিযোগমাহ। সন্ধ্যেতি। গবাংখুরধূলিভির্ব্যোম্নি ঊর্দ্ধে আচ্ছাদিতে সতীত্যর্থঃ। ভৃগুজেন ভার্গবমুনিনা গোধূলিযোগঃ কথিতঃ। রাজমার্ত্তণ্ডে চ কালভেদেন গোধূলিভেদ উক্তো যথা। গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্করে। গ্রীষ্মেঽর্দ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌ গতে ঽদৃশ্যতাং সূর্য্যে চাস্তমুপাগতে চ নিয়তং বর্ষা শরৎকালয়োঃ ॥ ৩৭ ॥

গোধূলি প্রশংসামাহ। নাস্মিন্নিতি। সুগমং। এতচ্চ স্তুতিমাত্রং কিন্তু গোধূলি যোগেঽপি শুভাশুভং সর্ব্বমেব বিচার্য্যং তথা রাজমার্ত্তণ্ডে। শুভা-

যে সময়ে সূর্য্যের কিরণদ্বারা পশ্চিমদিক্ অরুণবর্ণ হয় আর আকাশেতে অন্তর অন্তর এক এক তারা দেখা যায় আর গোষ্ঠ হইতে গৃহগমনোদ্যত গো সকলের খুরপুটোদ্দলিত ধূলি আকাশকে আচ্ছন্ন করে শুক্রাচার্য্য সেই সময়কে গোধূলি বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন ॥ ৩৭ ॥

এই গোধূলি সময়ে বিবাহ দিলে গ্রহশুদ্ধি, তিথি শুদ্ধি নক্ষত্র ও বারশুদ্ধি বিষ্টিভদ্রা, বৈধৃতি কিছুই বিচার করিয়া দেখিতে হয় না যদি কোন অশুভ থাকে গোধূলিযোগ তাহাকে নষ্ট করিয়া বিবাহে শুভফল প্রদান করেন। যেহেতু সর্ব্বদাই বিবাহকালীন গোধূলিযোগ অব্যাহত থাকেন। এবং শুক্রাচার্য্য এই গোধূলিযোগে কেবল বিবাহবিধি কহিয়াছেন তাহা নহে, ইহা

গুণবাহুল্যাল্পদোষস্যাফলত্বকথনং।

ন সকলগুণসম্পল্লভ্যতেঽল্পৈরহোভির্ব্বহুতরগুণযুক্তং যোজয়েন্মঙ্গলেষু। প্রভবতি হি ন দোষো ভূরিভাবে গুণানাং সলিললব ইবাগ্নেঃ সংপ্রদীপ্তেন্ধনস্য ॥ ৩৯ ॥

একস্যাতিমহতো দোষস্য তদ্বিরোধি গুণবাহুল্যে পরিত্যাগ কথনং।

গুণশতমপি দোষঃ কশ্চিদেকোঽতিবৃদ্ধঃ ক্ষপয়তি যদি নান্য স্তদ্বিরোধী গুণোঽস্তি। ঘটমিব পরিপূর্ণং পঞ্চগব্যেন সদ্যো মলিনয়তি সুরায়াবিন্দুরেকোঽপি সর্ব্বং ॥ ৪০ ॥

শুভযুতং নূনং রাশের্দ্দোষঞ্চ নিন্দিতং। বিবাহলগ্নবচ্ছেষং গোধূলিরাহ ভাগুরিঃ ॥ ৩৮ ॥

উপসংহারমাহ। ন সকলেতি। অল্পদিনৈঃ সর্ব্বে গুণা ন লভ্যন্তে তস্মাদ্বিবাহাদিমঙ্গলকর্ম্মসু বহুগুণযুক্তং দিনং যোজয়েৎ। হি যস্মাদগুণানাং ভূরিভাবে বহুত্বে দোষো ন প্রভবতি দৃষ্টান্তমাহ সলিল লব ইতি ॥ ৩৯ ॥

বহুগুণে সত্যপি একস্যাপি দোষস্য অতিগুরুত্বে নিষেধমাহ। গুণশত-

যাত্রাতেও অতি প্রশস্ত অর্থাৎ এই গোধূলিতে যাত্রা করিয়া যেদিকে ইচ্ছা গমন করা যাইতে পারে ॥ ৩৮ ॥

অল্পদিনে সকলগুণ লাভ করা যায় না অতএব বিবাহাদি মঙ্গল কর্ম্মে অনেক গুণযুক্ত দিন নিযুক্ত করিবে। যেহেতু গুণবাহুল্যে অত্যল্পমাত্র-দোষের প্রতিভা হয় না যেমন প্রজ্জলিত ইন্ধনে জলবিন্দুপাতে অগ্নির কোন হানি হইতে পারে না ॥ ৩৯ ॥

যদ্রূপ পঞ্চগব্যপরিপূরিতঘট একবিন্দুমাত্র সুরাদ্বারা তৎক্ষণাৎ অকর্ম্মণ্য

নববধ্বাগমনং।

স্ত্রীশুদ্ধ্যাজঘটালিসংযুতরবৌ কালে বিশুদ্ধে ভৃগুং সংত্যজ্য প্রতিলোমগং শুভদিনে যাত্রা প্রবেশো- ৎচিতে। ত্যক্ত্বাহস্তু নিরংশকং নববধূযাত্রা প্রবেশৌ পতিঃ কুর্য্যাদেকপুরাদিষু প্রতিভৃগোর্নেচ্ছন্তি দোষং বুধাঃ ॥ ৪১ ॥

মিতি। একোঽপ্যতিগুরুঃ কুশ্চিদ্দোষো গুণশতমপি নাশয়তি যদি তদ্দোষ- বিরোধীগুণোঽন্যো নাস্তি বিরোধিগুণে তিষ্ঠতি সতি গুরুদোষোঽপি ন দোষাবহ ইতি। দৃষ্টান্তমাহ ঘটমিতি যথা পঞ্চগব্যেন পূরিতং ঘটং সদ্যস্তৎ- ক্ষণাৎ সুরাবিন্দুর্ম্মলিনয়তি করণে তৃপ্ত্যর্থয়োরিতি করণে ষষ্ঠী। এষ চ সর্ব্বো- বিচারো মুখ্যকর্ম্মণ্যেব বিবাহে তু কেচিৎ পাণিগ্রহণং মুখ্যং বদন্তি কেচি- চ্চান্যোন্যমুখাবলোকনমিতি যথা। রাজমার্ত্তণ্ডে। ঘৃতদধিমধুপর্ক প্রাশনাদগ্নি- সাক্ষাদ্যদি শুভমশুভম্বা পাণিযোগেঽঙ্গনায়াঃ। বহুমুনিমতমেতৎ সম্প্রদানং প্রধানং হ্যুভয়বদনচন্দ্রালোকনাদ্যঞ্চ কেচিদিতি। এতেন দ্বয়মেব শুভলক্ষণে কার্য্যমিতি প্রতীমঃ ॥ ৪০ ॥

নববধূযাত্রামাহ। স্ত্রীতি। স্ত্রীশুদ্ধ্যা স্ত্রিয়া রবিশুদ্ধ্যা সত্যা অলিঘটাজ স্থিতে রবৌ মার্গশীর্ষফাল্গুনবৈশাখমাসে শুদ্ধকালে গুর্ব্বাদিত্যাদিদোষরহিতে কালে, প্রতি শুক্রং ত্যক্ত্বা নিরংশদিনং সংক্রান্তিং ত্যক্ত্বা যাত্রাপ্রবেশো- চিতে শুভদিনে যাত্রাপ্রবেশৌ নববধ্বাঃ পতিঃ কুর্য্যাৎ যাত্রোচিতে যাত্রা- বিহিত নক্ষত্রাদি বিশিষ্টদিনে যাত্রাং কুর্য্যাৎ প্রবেশোচিতে গৃহপ্রবেশ- বিহিত নক্ষত্রাদি বিশিষ্টদিনে প্রবেশং কুর্য্যাৎ অত্র চ বুধাঃ এক পুরাদিষু

হইয়া যায় তদ্রূপ এক অতি গুরুতরদোষদ্বারা শত শত গুণও ক্ষয়িত হইয়া যায় কিন্তু তাহারবিরোধী কোন গুণ থাকিলে গুরুদোষও দোষাবহ হয় না ॥৪০॥

বিবাহ হইলে পর পিতৃগৃহ হইতে সেই বধূর স্বামীর গৃহেতে যে পুনর্ব্বার আগমন তাহাকে দ্বিরাগমন কহিয়া থাকে। স্ত্রীর রবিশুদ্ধি হইলে, অগ্র-

প্রতিভৃগুদোষং নেচ্ছন্তি এক পুরাদি বক্ষ্যমাণমিতি প্রতিশুক্রস্ত্রিবিধঃ যথা লঘুযাত্রায়াং। উদিতো যতো যতশ্চক্র ভ্রমেণ যদ্দ্বারভেষু চারস্থঃ। তত্ত্রিবিধং প্রতিশুক্রং ত্যাজ্যন্তত্রোদয়ো যত্নাৎ। অস্যার্থঃ যতো যস্যাং দিশি উদিতো-ঽর্কমণ্ডলান্নিষ্ক্রান্তঃ পূর্ব্বস্যাং দিশ্যুদিতে পূর্ব্বস্যামেব প্রতিশুক্রং পশ্চিমায়া এবং অত্র চ যাবৎ সূর্য্যেণ সহ শুক্রস্য একদিগবস্থিতত্বং তাবদেব বোদ্ধব্যং তচ্চ রবিশুক্রয়োর্দ্ধাবিংশত্যংশপর্য্যন্তং জ্ঞাতব্যমিতি। যতশ্চ ভ্রমেণেতি যস্যাং দিশি ভ্রমেণ চক্রভ্রমবশেন ব্যবস্থিতস্তত্র লগ্নস্থে শুক্রে পূর্ব্বস্যাং প্রতিশুক্রং দ্বিতীয় তৃতীয়স্থে ঐশান্যাং চতুর্থে উত্তরস্যাং পঞ্চমে ষষ্ঠে বায়ব্যাং সপ্তমস্থে পশ্চিমায়াং অষ্টমনবমস্থে নৈঋত্যাং দশমস্থে দক্ষিণস্যাং একাদশ দ্বাদশে আগ্নেয়্যামিতি। যদ্দ্বারভেষু চারস্থঃ যদ্দ্বারভেষু যদ্দিগ্বিহিত নক্ষত্রেষু স্থিতস্তদ্দিশি প্রতি শুক্রং। যথা কৃত্তিকাদি সপ্তকস্থিতে শুক্রে পূর্ব্বস্যাং প্রতিশুক্রং মঘাদি সপ্তকস্থিতে দক্ষিণস্যাং অনুরাধাদি সপ্তকস্থিতে পশ্চিমায়াং ধনিষ্ঠাদিসপ্তকস্থিতে উত্তরস্যামিতি। তথা চ জ্যোতির্গণং ভৃগুসুতশ্চরতি যদা বাসবাদি যাম্যান্তং। ন তদোত্তরাং ন পূর্ব্বামাগ্নেয়াদাবিয়াদ্বিজয়মিচ্ছন্। এতত্ত্রিবিধং প্রতিশুক্রং তত্র ত্রিবিধে উদয়ঃ প্রতিশুক্রোয়ত্নাৎ ত্যাজ্যঃ পূর্ব্বস্যাং উদিতে শুক্রে কদাপিপ্রাচী ন গন্তব্যা পশ্চিমায়াং উদিতে চ ন প্রতীচী। চক্রভ্রমেণ দিঙ্নক্ষত্রেণ উদিতনক্ষত্রচারে চ কদাচিদগন্তব্যমিত্যর্থঃ। অত্র চ ত্রিবিধে প্রতিশুক্রে যথাক্রমং দোষন্যূনতা বোদ্ধব্যা। এক পুরাদির্যথা। একগ্রামে চতুঃশালে দুর্ভিক্ষে রাষ্ট্র বিপ্লবে ইত্যাদি। চতুঃশালে একবাট্যামেকগৃহাদন্যগৃহগমন ইত্যর্থঃ ॥ ৪১ ॥

হায়ণ ফাল্গুন বৈশাখ এই তিনমাসের কোন একমাস মধ্যে শুদ্ধকালে, প্রতিলোমগ শুক্র ও সংক্রান্তিদিন পরিত্যাগ করিয়া যাত্রা প্রকরণোক্ত এবং গৃহ প্রবেশোক্ত শুভদিনে নববধূর আগমন অতি প্রশস্ত হইয়া থাকে এক গ্রামাদিতে অর্থাৎ এক গ্রামে, এক বাটীতে অর্থাৎ এক গৃহ হইতে অন্য গৃহগমনে প্রতিশুক্র জন্য দোষ হয় না। যাত্রা প্রকরণোক্ত শুভ দিনে পিতৃগৃহ হইতে যাত্রা, এবং গৃহপ্রবেশোক্ত শুভদিনে স্বামি গৃহপ্রবেশ করান কর্ত্তব্য ॥ ৪১ ॥

বালবন্ধঃ।

ধ্রুবমৃদুলঘুবর্গে বিষ্ণু মূলানিলর্ক্ষে শনিশশি দিনবর্জ্জং
গোদ্বিদেহোদয়েষু। উপচয়গতপাপে সৎসু কেন্দ্র
ত্রিকোণে সুতিথিকরণযোগে বালবন্ধঃ শুভেন্দৌ ॥ ৪২ ॥

ফলবন্ধনং।

রোহিণ্যন্তক চিত্রাহি বিশাখশত বর্জ্জিতে।
ভে পুংগ্রহাহে স্ত্রীশুদ্ধ্যা ফলবন্ধনমিষ্যতে ॥ ৪৩ ॥

বিবাহানন্তরং কেশবন্ধমাহ। ধ্রুবেতি। ধ্রুবগণাদি নক্ষত্রেষু শশি শনিবারং বর্জ্জয়িত্বা অন্যেষু বারেষু অত্র চ রবিগুরুকুজবারা অতিপ্রশস্তাঃ। যথা রাজমার্ত্তণ্ডে। ভবতি পুংগ্রহবারে স্ত্রীণাং খলু বালবন্ধনে পুরুষঃ। যুবতি গ্রহে হি যুবতী ন পুংসকে স্যান্নপুংসকোৎপত্তিঃ। বৃষদ্ব্যাত্মকলগ্নেষু বৃষ মিথুন কন্যা ধনুর্ম্মীনেষু। লগ্নাদুপচয়স্থ পাপে কেন্দ্র ত্রিকোণস্থেষু সদ্গ্রহেষু। শুভ চন্দ্রে শুভতিথিকরণে বালবন্ধঃ কার্য্যঃ ॥ ৪২ ॥

প্রথমঋতৌ রজসি চোপরতে ঋতুস্নানানন্তরং ফলবন্ধনং ক্রিয়তে। তদ্বিধিমাহ। রোহিণীতি। রোহিণ্যাদি বর্জ্জিতে নক্ষত্রে পুংগ্রহস্যাহনি বারে রবিকুজগুরুবারে স্ত্রীশুদ্ধ্যা স্ত্রীণাং চন্দ্রতারাশুদ্ধ্যা ফলবন্ধনমিষ্যতে। ঋতুস্নানন্তু চতুর্থদিনে পুষ্পাদিভিঃ কার্য্যং যথা রাজমার্ত্তণ্ডে। শুভসৌভাগ্যবিবৃদ্ধৌ এলাচম্পকমুস্তচন্দনোপেতৈঃ। সৎফলিনীফলপুষ্পৈঃ পুষ্পেষু নিশাত্রয়ে স্নায়াৎ ॥৪৩॥

উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিণী মৃগশিরা রেবতী বিশাখা অনুরাধা হস্তা অশ্বিনী পুষ্যা এই কয় নক্ষত্রে শনি ও সোম ভিন্নবারে উত্তমযোগ ও উত্তমকরণে বৃষ মিথুন কন্যা ধনু ও মীন লগ্নে সপ্তম নবম ও দশমস্থানে শুভগ্রহ থাকিলে আর পাপগ্রহ সকল লগ্নের একাদশস্থান গত হইলে, এবং চন্দ্রশুদ্ধ হইলে বিবাহানন্তর স্ত্রীলোকের কেশবন্ধন করিবেক ॥৪২॥

রোহিণী ভরণী চিত্রা অশ্লেষা বিশাখা ও শতভিষা ভিন্ন অন্যান্য নক্ষত্রে রবি মঙ্গল ও বৃহস্পতিবারে চন্দ্র তারাশুদ্ধ হইলে, প্রথম ঋতু স্নানানন্তর স্ত্রীর ফলবন্ধন করিবেক ॥ ৪৩ ॥

ঋতু নিরূপণং।

পীড়ারাশৌ ভৌমদৃষ্টে শশাঙ্কে মাসং মাসং যোষিতা-
মার্ত্তবং যৎ। ত্র্যংশে শান্তং যচ্চ রক্তং জবাভং তদ্-
গর্ব্ভার্থং বেদনা গন্ধহীনং ॥ ৪৪ ॥

নিষেকঃ।

পাপাসংযুতমধ্যগেষু দিব্ললগ্নক্ষপাস্বামিষু তৎ দ্যূনেষ্ব-
শুভোজ্ঝিতেষু বিকুজে ছিদ্রে বিপাপে সুখে। সদ্-
যুক্তেষু ত্রিকোণকণ্টকবিধুষ্বায়ত্রিষষ্ঠান্বিতে পাপে-
ঽযুগ্ম নিশাস্বগণ্ডসময়ে পুংশুদ্ধিতঃ সঙ্গমঃ ॥ ৪৫ ॥

ঋতুনিরূপণমাহ। পীড়েতি। কুজদৃষ্টে চন্দ্রে প্রতিমাসং স্ত্রীণামৃতুর্ভবতি যথা সারাবল্যাং। ইন্দুর্জ্জলং কুজোঽগ্নির্জ্জলমিশ্রস্ত্বগ্নিরেব পিত্তং স্যাৎ। এবং ক্ষুভিতে পিত্তেন রজঃপ্রবর্ত্ততে স্ত্রীষু। অত্র চ বালাবৃদ্ধাতুরা বন্ধ্যাবর্জ্জয়িত্বা তু যোষিতাং। পীড়ারাশৌ অনুপচয়রাশৌ গতে চন্দ্রে ভৌমদৃষ্টে মাসংমাসং যদার্ত্তবং রজোভবতি তদ্রজো গর্ভার্থং গর্ভক্ষমং স্যাৎ যচ্চ রক্তং ত্র্যংশে দিনত্রয়ে শান্তং যবাভং ওড্রপুষ্পসদৃশবর্ণং বেদনাহীনং গন্ধহীনঞ্চ তচ্চ রজো গর্ভক্ষমং স্যাদিত্যর্থঃ। যথা সারাবল্যাং। অনুপচয়রাশিসংস্থে কুমুদাকরবান্ধবে রুধির-দৃষ্টে। প্রতিমাসং যুবতীনাং ভবতি রজো জগুর্ম্মুনয়ঃ। এবং যদ্ভবতি রজো গর্ভস্য নিমিত্তমেব কথিতস্তু তৎ। উপচয় সংস্থে বিফলং প্রতিমাসং দর্শনং তস্যেতি এতেন পীড়ারাশৌ গোচরদুষ্টে চন্দ্রে ইত্যশুদ্ধমেব প্রলপিতং সৌভরি-ণেতি ॥ ৪৪ ॥

নিষেকমাহ। পাপেতি। রবিলগ্নচন্দ্রেষু পাপাযুক্তেষু তদ্দ্যূনেষু তেষাং

অনুপচয় রাশিস্থ চন্দ্র মঙ্গলদ্বারা দৃষ্ট হইলে প্রতিমাসে স্ত্রীলোকের যে রজ-উৎপত্তি হয়। আর যে তিন দিবসে উপশমিত রজ ও যাহার ওড্রপুষ্প তুল্য বর্ণ এবং বেদনা ও গন্ধবিহীন হয় তাহা গর্ভক্ষম রজ অর্থাৎ তাহাতে নিষেক করিলে প্রায় স্ত্রীলোকের গর্ভসঞ্চার হইয়া থাকে ॥ ৪৪ ॥

রবি চন্দ্র লগ্ন ইহাঁরা পাপগ্রহাযুক্ত এবং পাপগ্রহের অমধ্যগত হইলে

গর্ভাধানমাসাদিনাথৈর্গর্ভস্য শুভাশুভ কথনং।

মাসেশৈঃ সিতকুজগুরুরবি শশিশমি সৌম্যলগ্নশশীনৈঃ।

কলুষৈঃ পীড়া গর্ভস্য পীড়িতৈঃ পতন মন্যথা পুষ্টিঃ ॥ ৪৬॥

রবিলগ্নচন্দ্রাণাং সপ্তমেষু পাপবর্জ্জিতেষু লগ্নস্য ছিদ্রেঽষ্টমস্থানে বিকুজে কুজরহিতে সতি লগ্নস্য সুখে চতুর্থে পাপরহিতে সতি সৌভরিস্তু তেষাং ছিদ্রেবিকুজইতি তন্ন নিরূপাধিদ্বিতীয়াদিশব্দো লগ্নস্যৈব দ্বিতীয়াদিবাচকো নান্যস্যেতি। তথা চ সারাবল্যাং। হোরাষ্টমে ক্ষিতিসুতে ম্রিয়তে গর্ভঃ সহ জনন্যেতি। সদ্‌যুক্তেষ্বিতি। লগ্নস্য ত্রিকোণে নবপঞ্চমে কেন্দ্রে চন্দ্রে চ শুভগ্রহযুক্ত ইত্যর্থঃ। অত্র চ সৌভরিণা সল্লগ্নেষ্বিতি পাঠং কৃত্বা সল্লগ্নেষু চানুপহতলগ্নেষু ত্রিকোণ কণ্টকস্থেষু চন্দ্রেষ্বিতি ব্যাখ্যাতং। এষ চ ইন্দ্রাশনাভ্যসনপ্রমাদঃ। যতো রাজমার্ত্তণ্ডে। কেন্দ্রত্রিকোণেষু শুভস্থিতেষু লগ্নে শশাঙ্কে চ শুভৈঃ সমেতে। পাপৈস্ত্রিলাভারিগতৈঃ প্রযায়াৎ পুংজন্মযোগেষু চ সম্প্রয়োগং। তথা বৃহজ্জাতকে। শশাঙ্কলগ্নোপগতৈঃ শুভগ্রহৈস্ত্রিকোণ জায়ার্থসুখাস্পদস্থিতৈঃ। তৃতীয়লাভারিগতৈশ্চ পাপৈঃ সুখী চ গর্ভো রবিণা নিরীক্ষিত ইতি। তথা পাপগ্রহে লগ্নস্যায় ত্রিষষ্ঠ গতে সতি যুগ্মরাত্রৌ যথা মনুঃ। ঋতুঃ স্বাভাবিকঃ স্ত্রীণাং রাত্রয়ঃ ষোড়শ স্মৃতাঃ। তাসামাদ্যা চতস্রস্তু নিন্দিতৈকাদশী চ যা। ত্রয়োদশী চ শেষাঃ স্যুঃ প্রশস্তা দশ রাত্রয়ঃ। যুগ্মাসু পুত্রা জায়ন্তে স্ত্রিয়োঽযুগ্মাসু রাত্রিষু। তথা পর্ব্ববর্জ্জং ব্রজেচ্চৈনাং তদৃতৌ রতিকাম্যয়েতি। বক্ষ্যমাণ গণ্ডসময়ং বর্জ্জয়িত্বা পুংশুদ্ধিতঃ পুংসশ্চন্দ্র শুদ্ধ্যা সঙ্গমঃ কার্য্যঃ ইত্যর্থঃ। তথা সারাবল্যাং। উপচয়ভবনে শশভৃদ্দৃষ্টো গুরুণা সুহৃদ্ভিরথ বাসৌ। পুংসাং করোতি যোগং বিশেষতঃ শুক্রসংদৃষ্ট ইতি ॥ ৪৫ ॥

মাসনাথৈর্গর্ভস্য শুভাশুভমাহ। মাসেশৈরিতি। যথাক্রমং গর্ভাধানাৎ

এবং ইহাঁরা যে রাশিতে অবস্থিতি করিবেন তাহার সপ্তমস্থান পাপগ্রহ বিহীন হইলে, আর লগ্নের অষ্টমস্থানে মঙ্গলগ্রহ আর চতুর্থস্থানে পাপগ্রহ শূন্য হইলে আর লগ্ন এবং তাহার নবম পঞ্চম চতুর্থ সপ্তম দশম স্থান শুভগ্রহযুক্ত হইলে লগ্নের তৃতীয় ও ষষ্ঠস্থান পাপগ্রহ যুক্ত হইলে, যুগ্মরাত্রি এবং অগণ্ড সময়ে পুরুষের চন্দ্রশুদ্ধি হইলে নিষেক করিবে ॥ ৪৫ ॥

নিষেক দিবস হইতে ক্রমশ শুক্রাদি গ্রহসকল গর্ভধারণাবধি প্রসব-

পুংসবনং।

কুর্য্যাৎ পুংসবনং সুযোগকরণে নন্দে সভদ্রে তিথৌ
ভাদ্রাষাঢ়নৃভেশ্বরেষু নৃদিনে বেধং বিনেন্দৌ শুভে।
অক্ষীণে চ ত্রিকোণ কণ্টকগতে সৌম্যেঽশুভে বৃদ্ধিষু
স্ত্রীশুদ্ধ্যা ঘটযুগ্মসূর্য্যগুরুভেষ্বদ্যৎসু মাসত্রয়ে ॥ ৪৭ ॥

প্রভৃতি দশমাসানামধিপৈঃ সিতাদিভিঃ কলুষৈঃ পাপগ্রহযুক্তৈর্গর্ভস্য পীড়া-স্যাৎ তৈশ্চ পীড়িতৈঃ অস্তত্বাদিত্রিবিধোৎপাতোপরাগাদিহতৈর্গর্ভস্য পাতঃ স্যাৎ অন্যথা শুভগ্রহযোগে শুভদৃষ্টে গর্ভস্য পুষ্টিঃ স্যাদিত্যর্থঃ। তথা দৈবজ্ঞবল্ল-ভায়াং। এতে যদা শক্রগৃহে বসন্তি যুদ্ধে জিতাঃ শক্রভিরস্তগা বা। অন্যত্র বা পীড়িতদেহভাজো গর্ভস্য পাতায় ভবন্তি খেটাঃ। তথা সারাবল্যাং। উৎপাত-ক্রূর হতে তন্মাসস্যাধিপে পততি গর্ভ ইতি। অত্র চ লগ্নপঃ নিষেকলগ্নাধিপঃ প্রশ্নলগ্নাধিপশ্চেতি ॥ ৪৬ ॥

পুংসবনমাহ। কুর্য্যাদিতি। শোভনযোগে শোভনকরণে চ নন্দাভদ্রা

পর্য্যন্ত দশমাসের অধিপতি হইয়া থাকেন প্রথমমাসাধিপতি শুক্র, দ্বিতীয়-মাসাধিপতি মঙ্গল, তৃতীয়মাসাধিপতি বৃহস্পতি, চতুর্থমাসাধিপতি সূর্য্য, পঞ্চম-মাসাধিপতি চন্দ্র, ষষ্ঠমাসাধিপতি শনি, সপ্তমমাসাধিপতি বুধ, অষ্টমমাসাধি লগ্নপতি অর্থাৎ যে লগ্নে নিষেক হইবে সেই লগ্নাধিপতিগ্রহ কিম্বা প্রশ্নলগ্নাধি-পতি গ্রহ, নবমমাসাধিপতি চন্দ্র, দশমমাসাধিপতি সূর্য্য হইয়া থাকে। এই মাসাধিপতি গ্রহসকলের মধ্যে যদি কোনগ্রহ পাপগ্রহযুক্ত হয় তবে সেই সেই মাসে গর্ভের পীড়া হয়। এবং ইহার মধ্যে কোনগ্রহ অস্ত আদি ত্রিবিধোৎপাত পীড়িত হয় তবে সেই মাসে গর্ভপাৎ হইবার সম্ভাবনা। আর যদি এই সকল মাসাধিপতি শুভযুক্ত থাকেন তবে সেই গর্ভের পুষ্টি হইয়া নির্ব্বিঘ্নে প্রসবকাল পর্য্যন্ত স্থায়ী হইয়া থাকে ॥ ৪৬ ॥

গর্ভাধান দিন অবধি গণনায় তৃতীয়মাসে শুভযোগ শুভকরণ আর

পঞ্চামৃতং।

রেবত্যশ্বি পুনর্ব্বসুদ্বয়মরুন্মূলানুরাধামঘা হস্তা চো-
ত্তরফল্গুভেষু চ ভৃগৌ জীবার্কবারে তথা লগ্নে চো-
ত্তয় শুদ্ধিগে সুনিয়তং সংত্যজ্য রিক্তাং তিথিং দেয়ং
মাসি তু পঞ্চমে শুভদিনে পঞ্চামৃতং যোষিতাং ॥৪৮॥

তিথৌ তথা নন্দা ভদ্রা ভবেৎ পুংসি স্ত্রিয়াং পূর্ণা তথা জয়া। রিক্তা নপুংস-
কস্ত স্যাত্তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ। ভাদ্রপদদ্বয়ে আষাঢ়দ্বয়ে নৃভে পুন্নামগণে
হস্তা মূলা শ্রবণা পুনর্ব্বসু মৃগশিরঃ পুষ্যেষু ঈশ্বরে আর্দ্রায়াঞ্চ নৃদিনে পুংগ্র-
হবারে রবিকুজগুরুবারে অক্ষীণে পূর্ণে চন্দ্রে বেধং যামিত্রবেধং দশযোগভঙ্গ
বেধঞ্চ বিনা শুভে গোচর শুদ্ধে সতি লগ্নাৎ কেন্দ্র ত্রিকোণস্থে শুভগ্রহে পাপ-
গ্রহে চ বৃদ্ধিগে উপচয়স্থে স্ত্রীশুদ্ধ্যা স্ত্রীণাং চন্দ্রতারাশুদ্ধৌ কুম্ভ মিথুন সিংহ
ধনুর্ম্মীনলগ্নেষু মাসত্রয়ে পুংসবনং কুর্য্যাৎ। তৃতীয়মাসেঽশক্তৌ ষষ্ঠাষ্টমাসেঽপি
কার্য্যং তথা চ। মাসে ষষ্ঠেঽষ্টমে বাপি শুদ্ধ্যা চন্দ্রমসঃ সদা। অরিক্তায়াং
তিথৌ শুক্লে জ্ঞেয়ং পুংসবনং হিতং। এতৎ প্রতিগর্ভে কর্ত্তব্যং যথা রাজ-
মার্ত্তণ্ডে। প্রাপ্তে তৃতীয়মাসে স্ফুরদিন্দুকলাকলাপপক্ষে চ। পুংসবনং পুত্রেচ্ছুঃ
গর্ভে গর্ভে প্রকুর্ব্বীত ॥ ৪৭ ॥

পঞ্চমে মাসি গর্ভদোহার্থং পঞ্চামৃতং দীয়তে তস্য বিধিমাহ। রেবত্য-

প্রতিপৎ ষষ্ঠী একাদশী দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী তিথিতে হস্তা মূল শ্রবণা
পুনর্ব্বসু মৃগশিরা পুষ্যা আর্দ্রা পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ পূর্ব্বাষাঢ়া এই
সকল নক্ষত্রে রবি মঙ্গল বৃহস্পতিবারে দশযোগভঙ্গ যামিত্রবেধ ভিন্ন শুভ-
চন্দ্রে ও পরিপূর্ণচন্দ্রে এবং স্ত্রীর চন্দ্র তারানুকূলে কুম্ভ মিথুন সিংহ ধনু মীন
লগ্নে এবং এই লগ্নের আদ্য চতুর্থ পঞ্চম সপ্তম নবম দশমস্থানস্থ শুভগ্রহ
এবং তৃতীয় ষষ্ঠ দশম একাদশস্থানস্থ পাপগ্রহ হইলে পুংসবনকরিবে ॥৪৭॥

রেবতী অশ্বিনী পুনর্ব্বসু পুষ্যা স্বাতী মূলা অনুরাধা মঘা হস্তা উত্তর-

ধটীদান।

মঘাষ্টকেঽম্বুত্রিতয়েঽদিতিদ্বয়ে পৌষ্ণদ্বয়ে ধাতৃযুগে গুরূদয়ে। মাসে চ ষষ্ঠে চ চতুষ্টয়ে স্ত্রিয়াং শুদ্ধ্যাজ্ঞমন্দাঽহবহির্ধটী শুভা ॥ ৪৯ ॥

ম্বীতি। রেবত্যাদি নক্ষত্রেষু শুক্রগুরু রবিবারে শুভে লগ্নে উপচয়শুদ্ধিগে পুংস্ত্রী শুদ্ধিগে চ রিক্তাং তিথিং ত্যক্ত্বা শুভদিনে পঞ্চমমাসে যোষিতাং পঞ্চামৃতংদেয়ং যাজ্ঞবল্ক্যঃ। দোহদস্যাপ্রদানেন গর্ভদোষমবাপ্নুয়াৎ। বৈরূপ্যং মরণং বাপি তস্মাৎ কার্য্যং প্রিয়ং স্ত্রিয়াঃ। পঞ্চামৃতমুক্তং দুগ্ধং সশর্করঞ্চৈব ঘৃতং দধি তথা মধু। পঞ্চামৃতমিদং প্রোক্তংবিধেয়ং সর্ব্বকর্ম্মসু ॥ ৪৮ ॥

ষষ্ঠে মাসি গর্ভরক্ষার্থং গ্রন্থিযুক্তং হরিদ্রাক্তং বস্ত্রাঞ্চলং ধটীসংজ্ঞকং কঙ্কণে নিবধ্যতে তস্য বিধিমাহ। মঘাষ্টক ইতি মঘাদ্যষ্টনক্ষত্রে পূর্ব্বাষাঢ়াদি ত্রিতয়ে পুনর্ব্বসু পুষ্যয়োঃ রেবত্যশ্বিন্যোঃ রোহিণী মৃগশিরসোঃ গুরূদয়ে ধনুর্মীনলগ্নে ষষ্ঠে চতুষ্টয়ে মাসে স্ত্রিয়াশ্চন্দ্রতারাশুদ্ধ্যা বুধশনিবারং ত্যক্ত্বা ধটীদানকর্ম্ম শুভমিত্যর্থঃ ॥ ৪৯ ॥

ফল্গুনী এই কয় নক্ষত্রে শুক্র বৃহস্পতি রবি এই কয় বারে রিক্তা ভিন্ন তিথিতে উভয়ের চন্দ্রতারাশুদ্ধ হইলে শুভদিনে পঞ্চামৃত পান করাইবে॥ ৪৮ ॥

মঘা পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা অনুরাধা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা পুনর্ব্বসু রেবতী অশ্বিনী রোহিণী মৃগশিরা এই কয় নক্ষত্রে ধনু মীন লগ্নে বুধ শনিবার ভিন্ন অন্যবারে স্ত্রীর চন্দ্র ও তারা শুদ্ধ হইলে ষষ্ঠমাস কিম্বা চতুর্থমাস গর্ভ সময়ে গর্ভ রক্ষা নিমিত্ত গ্রন্থিযুক্ত হরিদ্রাক্ত বস্ত্রাঞ্চল স্ত্রীর কঙ্কালে বাঁধিয়া দিবে। ইহাকেই ধটীদান কহিয়া থাকে ॥ ৪৯ ॥

সীমন্তোন্নয়নং।

মাসেশে প্রবলে শুভেক্ষিতবিধৌ মাসে চ ষষ্ঠেঽষ্টমে
মৈত্রে পুংসবনোদিতর্ক্ষসহিতে রিক্তাবিহীনে তিথৌ।
সীমন্তোন্নয়নং মৃগাজরহিতে লগ্নে নরাংশোদয়ে
যোজ্যং পুংসবনোদিতং যদপরং তৎ সর্ব্ব-
মত্রাপি চ॥ ৫০॥

ইতি মহীন্তাপনীয় শ্রীশ্রীনিবাস বিরচিতায়াং শুদ্ধি-
দীপিকায়াং বিবাহনির্ণয়ো নাম পঞ্চমো-
ঽধ্যায়ঃ সমাপ্তঃ॥ ৫॥

মাসেশ ইতি। গর্ভমাসাধিপঃ পূর্ব্বোক্তঃ তস্মিন্ প্রবলে শুভদৃষ্টে চন্দ্রে ষষ্ঠেঽষ্টমে বা মাসে পুংসবনোক্তনক্ষত্রে অনুরাধায়াঞ্চ রিক্তান্যতিথৌ মকর মেষ ব্যতিরিক্তে লগ্নে নরাংশোদয়ে নররাশের্মিথুন তুলা ঘটকন্যারাশের্ন বাংশে সীমন্তোন্নয়নং কার্য্যমিত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে। মাসে ষষ্ঠেঽষ্টমে বা বলিনি তদধিপে শীতগৌ চেষ্টদৃষ্টে। পুন্নামর্ক্ষোপযাতে নরভবননবাংশোদয়ে কামিনীনাং। কার্য্যং সীমন্তকর্ম্ম ত্রিদশপতিগুরৌ কেন্দ্রগে কোণগে বা ক্রূরৈঃ কেন্দ্রত্রিকোণব্যয়নিধনবহির্গর্ভপুষ্টিং করোতি। যদপরং পুংস বনোদিতং পুংগ্রহবারাদি তৎসর্ব্বং সীমন্তোন্নয়নে কার্য্যমিত্যর্থঃ। এতচ্চ প্রথমগর্ভ এব কার্য্যং নান্যত্র যথা। সকৃৎ সংস্কৃতসংস্কারাঃ সীমন্তেন দ্বিজস্ত্রিয়ঃ।

পূর্ব্বে নিষেকদিনাবধি দশমাস পর্য্যন্ত শুক্রাদিগ্রহ সকলের যে মাসাধিপত্য নিরূপিত হইয়াছে সেই অধিপত্যানুসারে মাসাধিপতিগ্রহ বলবান্ হইলে আর চন্দ্র, শুভ দৃষ্ট হইলে, ষষ্ঠ কিম্বা অষ্টমমাসে পুংসবনোক্ত নক্ষত্র

যং যং গর্ভং প্রসূয়ন্তে স গর্ভঃ শুদ্ধিমর্হতি। দৈবাদকরণে সপ্রাপি সংস্কর্ত্তব্যা। যথা রাজমার্ত্তণ্ডে। নারী যাঽকৃতসীমন্তা প্রসবেচ্চ কদাচন। ক্রোড়ে নিধায় তং পুত্রং পুনঃ সংস্কারমর্হতি ॥ ৫০ ॥

ইতি শ্রীকবিকঙ্কণাচার্য্যকৃতৌ শুদ্ধিদীপিকায়ামর্থকৌমুদ্যাং বিবাহ নির্ণয়োনাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

এবং অনুরাধানক্ষত্রে, রিক্তা ভিন্ন তিথিতে, আর পুংসবনোক্ত বারে মেষ ও মকর ভিন্ন লগ্নে এবং তুলা কুম্ভ কন্যা লগ্নের নবাংশে স্ত্রীর সীমন্তোন্নয়ন সংস্কার করিবে ॥ ৫০ ॥

ইতি মহীন্তাপনীয় শ্রীশ্রীনিবাস পণ্ডিত বিরচিত শুদ্ধিদীপিকায় বিবাহ নির্ণয় নামক পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়ঃ।

জাতকে লগ্নসংপ্রত্যয় কথনং।

দ্বারং বাস্তুনি কেন্দ্রোপগাদ্‌গ্রহাদসতি বা বিলগ্নর্ক্ষাৎ।
দীপোঽর্কাদুদয়াদ্বর্ত্তিরিন্দুতঃ স্নেহনির্দ্দেশঃ ॥ ১ ॥

জাতকনির্ণয়াধ্যায়ো ব্যাখ্যায়তে। তত্র প্রথমং জন্মকালসংপ্রত্যয়ার্থং বাস্তু-দ্বারাদি জ্ঞানমাহ। দ্বারমিতি। বাস্তুনি বাস্তুবিষয়ে দ্বারং নির্গমবর্ত্ম কেন্দ্রগত-গ্রহাৎ জ্ঞাতব্যং কেন্দ্রে যোগ্রহস্তদ্দিশি নির্গমবর্ত্মেত্যর্থঃ। বহুষু সৎস্থু বলিনো গ্রহস্য এবং দ্বয়োর্ব্বলবশাৎ দ্বেঽপি নির্গমবর্ত্মনী জ্ঞাতব্যে কেন্দ্রেগ্রহে ত্বসতি সতি লগ্নর্ক্ষদিশীত্যর্থঃ। এবং যস্মিন্ গৃহে জন্ম তস্য দ্বারং বোদ্ধব্যং অর্কাদ্দীপো-জ্ঞাতব্যঃ যদি লগ্নে রবিঃ স্থিতস্তস্যাং দিশি আদিত্যারূঢ়চররাশের্দিশি সঞ্চার্য্য-মানোদ্দীপোবাচ্যঃ। যদি আদিত্যারূঢ়স্থিররাশের্দ্দিশি তদা স্থিরোদীপোবাচ্যঃ। আদিত্যারূঢ়দ্ব্যাত্মকরাশের্দ্দিশি চলিতঃ দীপঃ স্থিরশ্চ বাচ্যঃ। তথা চ বৃহজ্জা-

লগ্ন, চতুর্থ সপ্তম ও দশম এই চার স্থানকে কেন্দ্র কহে, বালকের জন্ম সময়ে এই কেন্দ্র স্থানে যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধিপতি হয় সেই দিকে সুতিকাগৃহের দ্বার জানিবে। যদি কেন্দ্রে অনেক গ্রহ থাকে তবে যে গ্রহ বলবান্ হয় তাঁহার দিকে সুতিকাগৃহের দ্বার হয়, যদি দুই গ্রহের বলের সমতা থাকে তবে সুতিকাগৃহের দুইটী দ্বার হয়। আর যদি কেন্দ্রের কোন স্থানে কোন গ্রহ না থাকে তবে সেই জন্মলগ্ন যে দিকের অধিপতি হয় সেই দিকে সুতিকাগৃহের দ্বার হয়। সূর্য্যের রাশিস্থিতি অনুসারে দীপবোধ করিবে যদি সূর্য্য কোন চর রাশিতে অবস্থিতি করেন তবে সেই রাশির দিক অনু-সারে সেই দিকে দীপ চালিত হয়। আর যদি সূর্য্য কোন স্থির রাশিতে স্থিতি করেন তবে সেই রাশির দিক্ অনুসারে সেই দিকে দীপ স্থির হয়। আর

জারজযোগঃ।

ন লগ্নমিন্দুঞ্চ গুরুর্নিরীক্ষতে ন বা শশাঙ্কং রবিণা সমাযুতং। সপাপকোঽর্কেণ যুতোঽথবা শশী পরেণ জাতং প্রবদন্তি নিশ্চয়াৎ॥ ২॥

তকে। স্নেহঃ শশাঙ্কাদুদয়াচ্চ বর্ত্তির্দীপোঽর্কযুক্তর্ক্ষবশাচ্চরাদ্যৈরিতি তথার্কস্য বলাবলাদ্দীপস্য উজ্জ্বলানুজ্জ্বলত্বং বদেদিত্যর্থঃ। তথা উদয়াদ্বর্ত্তির্জ্ঞেয়া লগ্নভোগবশেন বর্ত্তের্দগ্ধতা বাচ্যা তথা চন্দ্রাৎ স্নেহনির্দ্দেশঃ তৈলংবাচ্যং চন্দ্রস্য ক্ষীণত্ব-পূর্ণত্বাভ্যাং তৈলস্যানল্পাল্পত্বং জ্ঞাতব্যং। অন্যে তু চন্দ্রস্যারূঢ়রাশের্ভোগাৎ স্নেহোবাচ্য ইতি বদন্তি তদযুক্তং। তথাচ সারাবল্যাং। যাবল্লগ্নাদুদিতং বর্ত্তির্দগ্ধা তু তাবতী ভবতি দীপ্তঃ পূর্ণঃ পূর্ণে শশিনি ক্ষীণে ক্ষয়স্তু তৈলস্য॥ ১॥

জারজযোগমাহ। ন লগ্নমিতি। গুরুর্যদি লগ্নং চন্দ্রঞ্চ ন নিরীক্ষতে তদৈকো জারজযোগঃ স্যাৎ, লগ্নে দৃষ্টে সত্যপি রবিযুক্তং চন্দ্রং যদি গুরুর্ন নিরীক্ষতে তদা দ্বিতীয়ঃ, অথবা লগ্নং পশ্যতু নবা পশ্যতু যদি সার্কঃ শশী অন্য পাপগ্রহেণ যুক্তঃ স্যাৎ তদা বুধাঃ পরজাতমেব বদন্তি। তথা লঘুজাতকে। পাপযুতোঽর্কঃ সেন্দুঃ পশ্যতি হোরাং ন চন্দ্রমপি জীবঃ। পশ্যতি সার্কং নেন্দুং যদি জীবো বা পরৈর্জাতঃ। তথা জারজযোগান্তরমুক্তং দ্বাদশ্যাঞ্চ দ্বিতীয়ায়াং সপ্তম্যাং ভগ্নঋক্ষকে। রবিমন্দকুজে বারে জারজঃ স প্রকীর্ত্তিতঃ॥ ২॥

যদি সূর্য্য কোন দ্ব্যাত্মক রাশিতে স্থিতি করেন তবে সেই রাশির দিক্ অনুসারে সেই দিকে দীপ স্থির এবং চালিত হয়। লগ্নের ভোগানুসারে দীপের বর্ত্তি বিবেচনা করিবে লগ্নের যে পরিমিত অংশের ভোগ হয় সেই পরিমিত দীপবর্ত্তি দগ্ধ হয়। চন্দ্রের ক্ষীণত্ব ও পূর্ণত্ব অনুসারে দীপস্নেহ বিবেচনা করিবে॥ ১॥

তিন প্রকার জারজযোগ মধ্যে প্রথম জারজযোগ এই যদি বৃহস্পতি জন্মলগ্ন এবং চন্দ্রগ্রহকে না দেখেন তবে সেই বালক জারজ হয়। দ্বিতীয় যদি বৃহস্পতি লগ্নকে দর্শন করে কিন্তু রবিগ্রহযুক্ত চন্দ্রকে না দেখেন তবে সেই

জারজযোগভঙ্গঃ।

গুরুক্ষেত্রগতে চন্দ্রে তদ্‌যুক্তে বান্যবেশ্মনি।
তদ্দ্রেক্কাণে নবাংশে বা জায়তে ন পরেণ সঃ॥ ৩॥

ত্রিবিধরিষ্টকথনং।

রিষ্টং ত্রিবিধং মুনয়ো নিয়তমনিয়তঞ্চ যোগজং প্রাহুঃ।
যোগসমুত্থং তাবদ্বক্ষ্যে পশ্চাত্তু পরিশেষৌ॥ ৪॥

জারজযোগভঙ্গমাহ। গুরুক্ষেত্র ইতি। গুরুগৃহগতে চন্দ্রে সতি ন পরেণ জাতঃ অন্য গৃহস্থে চন্দ্রে গুরুযুক্তে সতি ন পরেণ জাতঃ তথা তদ্দ্রেক্কাণে গুরুদ্রেক্কাণে গুরুনবাংশে চন্দ্রে গুরুক্ষেত্রগতে ন পরজাত ইতি। তথা শশাঙ্কোজীবসংযুক্তস্তদংশো বা ভবেদ্যদি। জীবক্ষেত্রগতো বাপি ন জাতঃ পরতস্তদা। এষ চ পূর্ব্বোক্তস্যৈবাপবাদঃ ন তু দ্বাদশ্যাঞ্চেত্যনেনোক্তযোগাস্ত-রস্যেতি॥ ৩॥

শিশুরিষ্টং বক্তুমুপক্রমমাণ আহ। রিষ্টমিতি। নিয়তরিষ্টমায়ুর্দায়ঃ অনিয়তরিষ্টং দশান্তর্দশাসু পাপগ্রহদশায়াস্বিত্যাদিনোক্তবক্ষ্যমাণমনিয়তত্বঞ্চাস্য প্রতীকারেণোপশমনাদিতি। যোগজঞ্চ শিশুরিষ্টং তত্র প্রথমং যোগজং বক্ষ্যে পরিশেষে নিয়তানিয়তে বক্ষ্যে ইত্যর্থঃ॥ ৪॥

বালক জারজ হয়। তৃতীয় এই যে রবিযুক্ত চন্দ্র অন্য কোন পাপগ্রহের সহিত যুক্ত হয় তবে বৃহস্পতি লগ্ন ও চন্দ্রকে দেখুন এবং নাই দেখুন সেই বালক জারজ হয়॥ ২॥

যদি চন্দ্র বৃহস্পতির গৃহ ধনু কিম্বা মীন রাশিতে থাকেন তবে সেই বালক জারজ নহে। আর ধনু মীন ভিন্ন অন্য কোন রাশিস্থ চন্দ্র, গুরুযুক্ত হইলে সেই বালক জারজ নহে। আর বৃহস্পতির দ্রেকাণে কিম্বা বৃহস্পতির নবাংশে চন্দ্র থাকেন তবে সেই বালক জারজ নহে এই জারজযোগ ভঙ্গ॥ ৩॥

মুনিগণ নিয়ত, অনিয়ত, যোগজ এই তিন প্রকার রিষ্ট নির্ণয় করিয়াছেন তন্মধ্যে প্রথমে যোগজরিষ্ট কথিত হইতেছে ইহার পরে নিয়ত ও অনিয়ত রিষ্ট কথিত হইবে॥ ৪॥

গণ্ডযোগঃ।

অশ্বিনীমঘমূলানাং তিস্রো গণ্ডাদ্যনাড়িকাঃ।
অন্ত্যে পৌষ্ণোরগেন্দ্রাণাং পঞ্চৈব যবনাজগুঃ ॥ ৫ ॥

গণ্ডযোগস্য কালনির্ণয়ঃ।

মূলেন্দ্রয়োর্দ্দিবাগণ্ডো নিশায়াং পিতৃসর্পয়োঃ। (নিশা স্যাৎপাঠঃ) সন্ধ্যা স্যাদশ্বিরেবত্যোর্জ্জ্যোতির্বিবিদ্ভিরুদাহৃতঃ ॥ ৬ ॥

গণ্ডযোগমাহ। অশ্বিনীতি। অশ্বিনীমঘামূলানাং গণ্ডাদ্যনাড়িকা গণ্ডসংজ্ঞকপ্রথমনাড়িকাস্তিস্রোজগুরিত্যর্থঃ। কেচিত্তু আদ্যনাড়িকাস্তিস্রো গণ্ডাগণ্ডসংজ্ঞকা জগুঃ তন্মতে নঞাদিনির্দ্দিষ্টমনিত্যমিতি পুনঃ সন্ধিঃ রেবত্যশ্লেষা জ্যেষ্ঠানামন্তপঞ্চৈব নাড়িকা গণ্ডসংজ্ঞকা জগুরিত্যর্থঃ ॥ ৫ ॥

গণ্ডযোগস্য কালনৈয়ত্যমাহ। মূলেন্দ্রয়োরিতি। মূলাজ্যেষ্ঠয়োর্গণ্ডঃ দিবা দিবসএব স্যাৎ পিতৃসর্পয়োস্তু নিশায়ামেব গণ্ডঃ স্যাৎ অশ্বিনীরেবত্যোঃ সন্ধ্যাদ্বয় এব গণ্ডঃ স্যাদিত্যর্থঃ ॥ ৬ ॥

অশ্বিনী মঘা ও মূলা নক্ষত্রের প্রথম তিন দণ্ড গণ্ড বলিয়া কথিত হয়, আর রেবতী অশ্লেষা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচ দণ্ড গণ্ড বলিয়া কথিত হয়। যবনাচার্য্য অশ্বিনী মঘা মূলা নক্ষত্রের তিন দণ্ড গণ্ড না বলিয়া পাঁচ দণ্ড বলিয়া থাকেন ॥ ৫ ॥

মূলা ও জ্যেষ্ঠানক্ষত্রের যে গণ্ড দণ্ড তাহা দিবস গণ্ড হয়, আর অশ্লেষা ও মঘা নক্ষত্রের যে গণ্ডদণ্ড তাহা রাত্রিগণ্ড হয়। অশ্বিনী ও রেবতী নক্ষত্রের যে গণ্ডদণ্ড তাহা উভয় সন্ধ্যাগণ্ড হয়, জ্যোতির্বিৎ সকল এইরূপ গণ্ডযোগের কাল নিরূপণ করিয়াছেন ॥ ৬ ॥

গণ্ডরিষ্টি কথনং।

সন্ধ্যারাত্রি দিবাভাগে গণ্ডযোগোদ্ভবঃ শিশুঃ।
আত্মানং মাতরং তাতং বিনিহন্তি যথাক্রমং ॥ ৭ ॥

গণ্ডরিষ্টশান্তিঃ।

কুঙ্কুমং চন্দনং কুষ্ঠং গোরোচনমথাপি বা।
ঘৃতেনৈবান্বিতং কৃত্বা চতুর্ভিঃ কলসৈর্ব্বুধঃ ॥

গণ্ডদোষমাহ। সন্ধ্যেতি। গণ্ডযোগে অশ্বিনীরেবত্যোর্গণ্ডে সন্ধ্যাকালে জাত আত্মানং হন্তি। পিতৃসর্পয়োর্গণ্ডযোগে রাত্রিকালে জাতো মাতরং হন্তি মূলেন্দ্রয়োর্গণ্ডযোগে দিবসে জাতঃ পিতরং হন্তি অত্র চ দিবাভাগে নিশা-গণ্ডনক্ষত্রে রাত্রৌ চ দিবাগণ্ডনক্ষত্র ইত্যাদি বিপরীতেন যদি স্যাত্তদা মাত্রা-দীনাং মহাপীড়াং ন জনয়তীত্যর্থঃ। অত্র চ শিশোর্দ্দর্শন এব গণ্ডযোগং বদন্তি তথাচ রাজমার্ত্তণ্ডে। গণ্ড প্রসূত পুরুষং শুভমাহুরপশ্যতাং নৃণামেকে। অন্যে হোম পূর্ব্বে দানে তদ্দর্শনং শুভদং। তথা গণ্ডাদৌ গণ্ডকান্তে চ বিবাহে ম্রিয়তে-ঽঙ্গনা। ন জীবেজ্জাতকোঽত্রৈব পিতৃমাতৃবিনাশকৃৎ। গতোন জীবেৎ সীমন্ত-বিধৌ গর্ভচ্যুতির্ভবেৎ। ব্রতারম্ভে বিনাশঃ স্যাৎ ক্ষৌরে পঞ্চত্বমাদিশেৎ। বপনঞ্চৈব ধান্যানাং কীর্ত্ত্যাপ্রশস্তবিধিং নরঃ। যানি প্রশস্তকর্ম্মাণি তানি সর্ব্বাণি বর্জ্জয়েৎ ॥ ৭ ॥

গণ্ডদোষ প্রতীকারমাহ। কুঙ্কুমমিতি। সার্দ্ধৈস্ত্রিভিঃ শ্লোকৈঃ সুগমং।

সন্ধ্যাকালে রেবতী ও অশ্বিনীনক্ষত্রের গণ্ডে জাত বালক স্বয়ংবিনষ্ট হয়। আর রাত্রিকালে অশ্লেষা ও মঘা নক্ষত্রের গণ্ডে বালকের জন্ম হইলে বালকের মাতার মৃত্যু হয়। আর দিবসে জ্যেষ্ঠা ও মূলা নক্ষত্রের গণ্ডে যদি বালকের জন্ম হয় তাহা হইলে বালকের পিতার মৃত্যু হয় ॥ ৭ ॥

কুঙ্কুম চন্দন কুষ্ঠ [কুড়] গোরচনা ও ঘৃতান্বিত চারটি কলসস্থ জলদ্বারা

সহস্রাক্ষেণ মন্ত্রেণ বালকং স্নাপয়েত্ততঃ।
পিতৃযুক্তং দিবাজাতং মাতৃযুক্তঞ্চ রাত্রিজং ॥
স্নাপয়েৎ পিতৃমাতৃভ্যাং সন্ধ্যয়োরুভয়োরপি।
কাংস্যপাত্রং ঘৃতৈঃ পূর্ণং গণ্ডদোষোপশান্তয়ে ॥
দদ্যাদ্ধেনুং সুবর্ণঞ্চ গ্রহাংশ্চাপি প্রপূজয়েৎ ॥ ৮ ॥

ওঁ সহস্রাক্ষেণ শতশারদেন শতায়ুষা হবিষা হবিষমেনং শতং যথেমং শরদোন য়তীন্দ্রো বিশ্বস্য দুরিতস্য পারংশতঞ্জীব শরদোবৰ্দ্ধমানঃ শতং হেমন্তাং শতমুপশান্তাং শতমিন্দ্রাগ্নী সবিতা বৃহস্পতিঃ শতায়ুষা হবিষেমং পুনর্ণ্বঃ। অহোবিষত্বাবিদস্ত্বা পুনরাগাঃ পুনর্ণ্বঃ সর্ব্বাঙ্গী সর্ব্বস্তে চক্ষুঃ সর্ব্বমায়ুশ্চ তে বিদং শতমানাশ্চ আয়ুস্কামঃ শতায়ুর্ব্বৈ পুরুষঃ শতবীর্য্যঃ শতেন্দ্রিয়ঃ আয়ুষ্য এবৈনং তদ্বীর্য্যমিন্দ্রিয়ে দধাতু। ইতি স্নানমন্ত্রঃ। তথা জপপূজাদিকন্তু রাজমার্ত্তণ্ডে উক্তং। কাংস্যপাত্রং প্রকুর্ব্বীত পলৈঃ ষোড়শভির্বুধঃ। অষ্টাভির্ব্বা চতুর্ভির্ব্বা দ্বাভ্যাং বা শোভনং সমং। তন্মধ্যে স্থাপিতে শঙ্খে নবনীত প্রপূরিতে। রাজতং চন্দ্রমভ্যর্চ্চ্য সিতপুষ্পসহস্রকৈঃ। দৈবজ্ঞঃ সোপবাসশ্চ শুক্লাম্বরসুপূজিতঃ। সোমোহমিতি সঞ্চিন্ত্য কুর্য্যাদেবমতন্দ্রিতঃ। জপেৎ সহস্রং মন্ত্রঞ্চ শ্রদ্দধানঃ সমাহিতঃ। ওঁ অমৃতাত্মনে নমস্তভ্যং মন্ত্রমেতদুদাহৃতং। তপ্তচামীকরং দদ্যাৎ তাম্রপাত্রে তিলান্বিতং গণ্ডদোষোপনাশ্যার্থং যজুর্ব্বেদবিদেশুচিঃ ॥ ৮ ॥

"সহস্রাক্ষেণ শতশারদেন" এই মন্ত্র পাঠপূর্ব্বক গণ্ডপ্রসূত দিবাজাত বালককে তাহার পিতার সহিত স্নান করাইবে। আর নিশাজাত বালককে মাতার সহিত স্নান করাইবে। এবং উভয় সন্ধ্যাপ্রসূত বালককে পিতা ও মাতার সহিত স্নান করাইবে। আর ঘৃতপূর্ণকাংস্যপাত্র ধেনু ও সুবর্ণ দান করিবে ও গ্রহ সকলের পূজা করিবে, তাহা হইলে গণ্ডদোষ নষ্ট হইবে ॥ ৮ ॥

সূর্য্যরিষ্টং।

পাপাস্ত্রিকোণকেন্দ্রেষু সৌম্যাঃ ষষ্ঠাষ্টমব্যয়গতাশ্চেৎ।
সূর্য্যোদয়ে প্রসূতঃ সদ্যঃ প্রাণাংস্ত্যজতি জন্তুঃ ॥ ৯ ॥

চন্দ্ররিষ্টং।

ষষ্ঠেঽষ্টমে চন্দ্রঃ সদ্যোমরণায় পাপসংদৃষ্টঃ।
অষ্টাভিঃ শুভদৃষ্টো বর্ষৈর্মিশ্রৈস্তদর্দ্ধেন ॥ ১০ ॥

চন্দ্ররিষ্টভঙ্গঃ।

পক্ষে সিতে ভবতি জন্ম যদি ক্ষপায়াং কৃষ্ণে তথা-ঽহনি শুভাশুভদৃষ্টমূর্ত্তিঃ। তং চন্দ্রমা রিপুবিনাশ-গতোঽপি যত্নাদাপৎসু রক্ষতি পিতেব শিশুং ন হন্তি ॥ ১১ ॥

সূর্য্যরিষ্টমাহ। পাপা ইতি। ত্রিকোণে কেন্দ্রে চ যদি পাপাস্তিষ্ঠন্তি শুভ-গ্রহাশ্চ ষষ্ঠাষ্টমদ্বাদশস্থা যদি স্যুস্তদা সূর্য্যোদয়কালে জাতঃ সদ্যস্তৎক্ষণাৎ প্রাণাংস্ত্যজতি ॥ ৯ ॥

চন্দ্ররিষ্টমাহ। ষষ্ঠ ইতি। মিশ্রৈঃ শুভাশুভৈর্দৃষ্টঃ তদর্দ্ধেন অষ্টবৎসরার্দ্ধেন বর্ষচতুষ্কেণ চন্দ্রো মরণায় কল্পত ইত্যর্থঃ ॥ ১০ ॥

উক্তচন্দ্ররিষ্টি ভঙ্গমাহ। পক্ষ ইতি। শুক্লপক্ষে রাত্রৌ যদি জন্ম কৃষ্ণপক্ষে

কেন্দ্র অর্থাৎ লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম ও ত্রিকোণ (নব পঞ্চম) স্থানে পাপ-গ্রহ লগ্ন ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ স্থানে শুভগ্রহ থাকিলে সূর্য্যোদয়কালে প্রসূত বালক তৎক্ষণাৎ প্রাণ পরিত্যাগ করিয়া থাকে ॥ ৯ ॥

লগ্নের ষষ্ঠ কিম্বা অষ্টম স্থানে যদি চন্দ্র থাকেন আর ঐ চন্দ্রের প্রতি পাপ-গ্রহের দৃষ্টি থাকে তবে সেই বালকের তৎক্ষণাৎ মৃত্যু হয়। আর যদি শুভ-গ্রহের দৃষ্টি থাকে তবে আট বর্ষ মধ্যে বালকের মৃত্যু হয়। যদি শুভাশুভ উভয়গ্রহের দৃষ্টি থাকে তবে চার বৎসর মধ্যে বালকের মৃত্যু হয় ॥ ১০ ॥

শুক্লপক্ষে রাত্রিতে জাত এবং কৃষ্ণপক্ষে দিবস জাত বালককে ষষ্ঠ

পাপযুক্ত চন্দ্ররিষ্টং।

সুতমদননবান্ত্যেরন্ধ্রলগ্নেষ্বশুভযুতো মরণায় শীত-
রশ্মিঃ। ভৃগুসুত শশিপুত্র দেবপূজ্যৈর্যদি বলিভির্ন
যুতোঽবলোকিতো বা ॥ ১২ ॥

পাপযুক্ত চন্দ্ররিষ্টং।

দ্যূন চতুরস্রসংস্থে পাপদ্বয়মধ্যগে শশিনি জাতঃ।
বিলয়ং প্রয়াতি নিয়তং দেবৈরপি রক্ষিতো বালঃ ॥১৩॥

চ দিবা যদি জন্ম তদা শুভেনাশুভেন বা দৃষ্টশ্চন্দ্রঃ ষষ্ঠাষ্টমস্থোঽপি আপৎসু তং বালং রক্ষতি ন হন্তি পিতেব পুত্রমিতি ॥ ১১ ॥

চন্দ্ররিষ্টমাহ। সুতেতি। শুক্রবুধগুরূণামেকেনাপি দৃষ্টে যুক্তে বা চন্দ্রে যোগভঙ্গঃ স্যাদিত্যর্থঃ ॥ ১২ ॥

চন্দ্ররিষ্টান্তরমাহ দ্যূনেতি। লগ্নাৎ সপ্তম চতুর্থাষ্টমস্থে চন্দ্রে পাপদ্বয়মধ্যগে জাতো বিলয়ং প্রয়াতি মধ্যগতত্বঞ্চ দ্বিতীয়দ্বাদশস্থয়োরেকরাশিস্থয়োর্ব্বা পাপয়োরিত্যর্থঃ ॥ ১৩ ॥

অষ্টমস্থানস্থ চন্দ্র বিনাশ না করিয়া পিতার ন্যায় বিপদ হইতে রক্ষা করেন ॥ ১১ ॥

যদি চন্দ্র কোন পাপ গ্রহযুক্ত হইয়া লগ্নে কিম্বা আহার পঞ্চম সপ্তম অষ্টম নবম ও দ্বাদশস্থানে অবস্থিতি করেন আর যদি বলবান্ বুধ বৃহস্পতি শুক্র ইহাঁরা সেই চন্দ্রকে না দেখেন কিম্বা তাহার সহিত যুক্ত না হন তাহা হইলে বালকের মৃত্যু হয় ॥ ১২ ॥

চন্দ্র, পাপদ্বয়মধ্যবর্ত্তী হইয়া লগ্নের চতুর্থ সপ্তম কিম্বা অষ্টমস্থানে অবস্থিতি করেন তবে দেব দ্বারা রক্ষিত হইলেও সেই বালকের মৃত্যু হয় ॥ ১৩ ॥

লগ্নস্থ ক্ষীণেন্দুরিষ্টং।

ক্ষীণে শশিনি বিলগ্নে পাপৈঃ কেন্দ্রেষু মৃত্যুসংস্থৈর্ব্বা।
ভবতি বিপত্তিরবশ্যং যবনাধিপতের্ম্মতঞ্চৈতৎ ॥ ১৪ ॥

ত্রিংশাংশবিশেষস্থ চন্দ্ররিষ্টং।

নাগগো সিদ্ধিজাতীষু ক্ষ্মাব্ধিত্র্যগ্নিধৃতির্নখাঃ।
ক্ষ্মাশ্বিদিক্ চেত্যজাদ্যংশে তত্তুল্যাব্দৈর্বিধৌ ব্যসুঃ ॥১৫॥

চন্দ্ররিষ্টান্তরমাহ। ক্ষীণ ইতি। ক্ষীণে চন্দ্রে লগ্নস্থে কেন্দ্রেষু স্থিতৈঃ পাপৈরষ্টমস্থৈর্ব্বা জাতস্য বিপত্তিরবশ্যং ভবেদিত্যর্থঃ। এষু পূর্ব্বোক্তশ্লোকত্রয়েষু যোগেষু কালনিয়মস্ত্বয়ং চন্দ্রো যদা যোগকর্ত্তুর্গ্রহস্য স্থানং স্বগৃহস্থা জন্মলগ্নং বা গতো বলবান্ পাপদৃষ্টশ্চ স্যাৎ তদা বৎসরাভ্যন্তরে মরণং স্যাৎ। তথা চ সারাবল্যাং। যোগে বলিনঃ স্থানং স্বস্থা লগ্নং গতেঽপি বা চন্দ্রে। বলবতি চাশুভদৃষ্টে আবর্ষান্মৃত্যুকালঃ স্যাদিতি ॥ ১৪ ॥

চন্দ্ররিষ্টান্তরমাহ। নাগেতি। অজাদীনাং মেষাদীনাং যথাক্রমং ত্রিংশাংশস্ফুটস্য নাগাদ্যংশে চন্দ্রে গতে সতি তত্তুল্যৈর্নাগাদ্যংশসম্মিতৈর্বৎসরৈর্মৃত্যুঃ স্যাৎ মেষস্য নাগা অষ্টৌ বৃষস্য গাবশ্ছিদ্রাণি নব মিথুনস্য সিদ্ধয়শ্চতুর্ব্বিংশতিঃ কর্কটস্য জাতির্দ্বাবিংশতি সিংহস্য ইশবঃ পঞ্চ কন্যায়াঃ ক্ষ্মা একস্তুলায়া

যদি ক্ষীণচন্দ্র লগ্নে অবস্থিতি করে আর পাপগ্রহ সকল কেন্দ্রস্থানে কিম্বা অষ্টমস্থানে থাকে তবে সেই বালকের অবশ্য বিপত্তি হয় ইহা যবনাচার্য্য কহিয়াছেন ॥ ১৪ ॥

ত্রিংশাংশস্ফুটমানে মেষের অষ্টম ৮ বৃষের নবম ৯ মিথুনের চতুর্ব্বিংশতি ২৪ কর্কটের দ্বাবিংশতি ২২ সিংহের পঞ্চম ৫ কন্যার এক ১ তুলার চার ৪ বৃশ্চিকের ত্রয়োবিংশতি ২৩ ধনুর অষ্টাদশ ১৮ মকরের বিংশতি ২০ কুম্ভের একবিংশতি ২১ মীনের দশমাংশ ১০ মধ্যে যদি কোন বালকের জন্ম হয় তবে সেই বালকের এই সংখ্যানুযায়ী বর্ষ মধ্যে মৃত্যু হয় ॥ ১৫ ॥

বিবিধ ভৌমরিষ্টং।

ভৌমে বিলগ্নে শুভদৈরদৃষ্টঃ ষষ্ঠেঽষ্টমে বার্কসুতেন যুক্তঃ। সদ্যঃ শিশুং হন্তি বদেন্মুনীন্দ্রঃ স্মরে যমারৌ ন শুভেক্ষিতৌ চ॥ ১৬॥

বুধরিষ্টং।

কর্কটধামনি সৌম্যঃ ষষ্ঠাষ্টমরাশিগো বিলগ্নর্ক্ষাৎ।
চন্দ্রেণ দৃষ্টমূর্ত্তির্বর্ষচতুষ্কেন মারয়তি॥ ১৭॥

অশ্বিশ্চত্বারঃ বৃশ্চিকস্য ত্র্যাশ্বি ত্রয়োবিংশতিঃ ধনুষোধৃতিরষ্টাদশ মকরস্য নখাঃ বিংশতিঃ কুম্ভস্য স্বাশ্বি একবিংশতিঃ মীনস্য দিগ্দশ ইতি। চন্দ্ররিষ্টভঙ্গস্তু সারাবল্যামুক্তঃ। বুধবিবুধাসুরসচিবদ্রেক্কাণ দ্বাদশাংশকে শশিনি। ভবতি চিরায়ুর্জ্জাতঃ সংপ্রাপ্তানেকরিষ্টোঽপি। চন্দ্রঃ শুভবর্গস্থঃ ক্ষীণোঽপি শুভেক্ষিতো হরতি রিষ্টং। জলমিব মহাতিসারং জাতীফলকল্কলকথিতং। লগ্নেশ্বরস্থ চন্দ্রঃ ষট্ত্রিদশায়হিবুকেষু শুভদৃষ্টঃ। ক্ষপয়তি সমস্তরিষ্টান্যনুজাতো নিরূপবোধ ইব। একো জন্মাধিপতিঃ পরিপূর্ণবলঃ শুভগ্রহৈর্দৃষ্টঃ। হন্তি নিশাকররিষ্টং ব্যাধ ইব মৃগং বনে মত্তমিতি॥ ১৫॥

ভৌমরিষ্টমাহ। ভৌম ইতি। লগ্নস্থভৌমঃ শুভগ্রহৈরদৃষ্টঃ শিশুং হন্তি ষষ্ঠাষ্টমস্থঃ শনিযুক্তশ্চ শিশুং হন্তি সপ্তমে স্থিতৌ যমারৌ শনিকুজৌ শুভগ্রহৈর্দৃষ্টৌ চ শিশুং হত ইত্যর্থঃ॥ ১৬॥

বুধরিষ্টমাহ। কর্কটেতি। কুম্ভলগ্নাদ্ধনুর্লগ্নাচ্চ ষষ্ঠাষ্টমগতঃ কর্কটস্থো-বুধশ্চন্দ্রদৃষ্টশ্চতুর্ভির্বর্ষৈঃ শিশুং মারয়তি॥ ১৭॥

মঙ্গল শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া যদি লগ্নস্থ হন, এবং ষষ্ঠও অষ্টমস্থ মঙ্গল শনি যুক্ত হয়, অথবা সপ্তম স্থানে শনিযুক্ত মঙ্গল যদি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত না হন তাহা হইলে জাত বালক সদ্যই বিনষ্ট হয়॥ ১৬॥

লগ্নের ষষ্ঠ ও অষ্টম স্থানগত কর্কটরাশিস্থ বুধগ্রহ, চন্দ্রগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট

গুরুরিষ্টং।

বৃহস্পতির্ভৌমিগৃহেঽষ্টমস্থঃ সূর্য্যেন্দুভৌমার্কজদৃষ্ট-
মূর্ত্তিঃ। বর্ষৈস্ত্রিভির্ভাগবদৃষ্টিহীনো লোকান্তরং প্রাপ-
য়তি প্রসূতং॥ ১৮॥

শুক্ররিষ্টং।

রবিশশিভবনে শুক্রো দ্বাদশরিপুরন্ধ্রগোঽশুভৈঃ সর্ব্বৈঃ।
দৃষ্টঃ করোতি মরণং ষড়্ভির্ব্বর্ষৈঃ কিমিহ বিচিত্রং॥১৯॥

গুরুরিষ্টমাহ। বৃহস্পতিরিতি। ভৌমগৃহে মেষে বৃশ্চিকে বা স্থিতো গুরুঃ লগ্নাদষ্টমস্থঃ সূর্য্যেন্দু কুজশনিদৃষ্টঃ শুক্রেণাদৃষ্ট স্ত্রিভির্ব্বর্ষৈর্জ্জাতং মারয়তি শুক্রেণ তু দৃষ্টে যোগভঙ্গ এবেত্যর্থঃ॥ ১৮॥

শুক্ররিষ্টমাহ। রবীতি। রবিচন্দ্রগৃহে সিংহে কর্কটে বা স্থিতঃ শুক্রো দ্বাদশষষ্ঠাষ্টমগতঃ সর্ব্বৈঃ পাপৈর্দৃষ্টঃ ষড়্ভির্ব্বর্ষৈর্ম্মরণং করোতি॥ ১৯॥

হইলে চারবর্ষ মধ্যে শিশুকে নষ্ট করিয়া থাকেন। এইরূপ রিষ্টকর বুধ কেবল ধনু ও কুম্ভলগ্নে হয় ধনু কুম্ভ ভিন্ন অন্য কোন লগ্নে বুধগ্রহের রিষ্ট নাই॥ ১৭॥

বৃহস্পতি জন্মলগ্নের অষ্টমস্থানস্থ হইয়া যদি মেষ রাশিতে কিম্বা বৃশ্চিক রাশিতে অবস্থিতি করেন আর সূর্য্য চন্দ্র মঙ্গল শনি ইহাঁরা তাঁহাকে অবলোকন করেন তবে জাতবালকের তিনবর্ষ মধ্যে মৃত্যু হয় কিন্তু যদি শুক্রগ্রহ এই বৃহস্পতিগ্রহকে দেখেন তবে বালকের বিনাশ হয় না॥ ১৮॥

কর্কট কিম্বা সিংহ রাশিস্থ শুক্র লগ্নের ষষ্ঠ অষ্টম কিম্বা দ্বাদশগত সমুদয় পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ছয়বর্ষ মধ্যে বালককে বিনাশ করিয়া থাকেন ইহা বিচিত্র নহে॥ ১৯॥

শনিরিষ্টং।

মারয়ন্তি ষোড়শাহাৎ শনৈশ্চরঃ পাপবীক্ষিতো লগ্নে।
সংযুক্তো মাসেন চ বর্ষাচ্ছুদ্ধস্তু মারয়তি ॥ ২০ ॥

রাহুরিষ্টং।

রাহুশ্চতুষ্টয়স্থো মরণায় বীক্ষিতো ভবতি পাপৈঃ।
বর্ষৈর্ব্বদন্তি দশভিঃ ষোড়শভিঃ কেচিদাচার্য্যাঃ ॥ ২১ ॥

শনিরিষ্টমাহ। মারয়তীতি। পাপদৃষ্টঃ শনির্লগ্নস্থঃ ষোড়শদিনে মারয়তি সংযুক্তঃ পাপেন শনিঃ মাসেন মারয়তি। শুদ্ধঃ কেবলঃ পাপাযুক্তশ্চ পাপদৃষ্টশ্চেৎ লগ্নস্থঃ শনির্ব্বর্ষান্মারয়তি বলিভিঃ শুভগ্রহৈর্যুক্তে দৃষ্টে বা যোগ-ভঙ্গঃ স্যাদিত্যর্থঃ। তুলায়াং স্বগৃহে গুরুগৃহে চ লগ্নে শনৌ স্থিতে রিষ্টভঙ্গোগুণাতি-রেকশ্চ স্যাৎ। তথা সারাবল্যাং। স্বোচ্চ স্বজীবভবনে ক্ষিতি পালতুল্যো লগ্নে-হর্কজে ভবতি দেশপুরাধিনাথঃ। শেষেষু দুঃখগদভীতিতএব বাল্যে দারিদ্র্যকা-মবশগো মলিনোহলসশ্চ। ' তথা রাজমার্ত্তণ্ডে। তুঙ্গাঙ্গিরোগেহগতে বিলগ্নে ভবেন্নরেন্দ্র প্রতিমঃ প্রসূতঃ। মার্ত্তণ্ডজে মাণ্ডলিকোহথ বা স্বে অন্যত্র লগ্নোপ-গতে গতায়ুঃ ॥ ২০ ॥

রাহুরিষ্টমাহ। রাহুরিতি। কেন্দ্রস্থোরাহুঃ পাপৈর্দৃষ্টো মরণায় স্যাৎ তচ্চ মরণং দশবর্ষে ইতি কেচিদ্বদন্তি ষোড়শভিরিতি। অত্র চ মেষে বৃষে কর্কটে চ

শনি রিষ্ট কথিত হইতেছে। পাপগ্রহকর্তৃক অবলোকিত হইয়া শনি লগ্নস্থ হইলে ষোড়শ দিবসের মধ্যে জাত ব্যক্তির মৃত্যু হয়। ঐ শনি পাপযুক্ত হইলে ষোড়শ মাসে পাপযুক্ত পাপদৃষ্টশনি না হইয়া শুদ্ধ লগ্নস্থ হইলে ষোড়শবর্ষে মৃত্যু হয় কিন্তু শুভগ্রহযুক্ত বা দৃষ্ট হইলে রিষ্ট ভঙ্গ হয় ॥ ২০ ॥

জন্ম লগ্ন হইতে চতুর্থস্থানস্থ রাহু যদি পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হয়। তাহা-হইলে জাত ব্যক্তির দশ বৎসরে মৃত্যু হয়। কেহ বলেন যে ষোড়শবর্ষে মৃত্যু হয়, কিন্তু যদি মেষ বৃষ কিম্বা কর্কট রাশিতে অবস্থান করেন,তাহা হইলে রিষ্টভঙ্গ হয় ॥ ২১ ॥

কেতুরিষ্টং ।

কেতুর্যস্মিন্ ঋক্ষেঽভ্যুদিতস্তস্মিন্ প্রসূয়তে যস্তু ।
রৌদ্রে সর্পমুহূর্ত্তে বা প্রাণৈঃ সংত্যজ্যতে চাশু ॥ ২২ ॥

দ্রেক্কাণরিষ্টং ।

লগ্নে যে দ্রেক্কাণা নিগড়াহিবিহঙ্গপাশধরসংজ্ঞাঃ ।
মরণায় সপ্তবর্ষৈঃ ক্রূরযুতা ন স্বপতিদৃষ্টাঃ ॥ ২৩ ॥

লগ্নাধিপাদিরিষ্টং ।

লগ্নাধিপজন্মপতী ষষ্ঠাষ্টমরিপ্ফগৌ প্রসবকালে ।
অস্তমিতৌ মরণকরৌ রাশিপ্রমিতৈর্ব্বদেদ্বর্ষৈঃ ॥ ২৪ ॥

লগ্নে স্থিতে রাহৌ রিষ্টভঙ্গঃ স্যাৎ। তথাচ সারাবল্যাং । অজবৃষভকর্কি বিলগ্নে রক্ষতি রাহুঃ সমস্তরিষ্টিভ্যঃ । পৃথ্বীপতিঃ প্রসন্নঃ কৃতাপরাধং যথাপুরুষং ॥২১॥

কেতুরিষ্টমাহ । কেতুরিতি । যস্মিন্নক্ষত্রে কেতুরভ্যুদিতঃ স্থিতস্তস্মিন্নক্ষত্রে রৌদ্রমুহূর্ত্তে আর্দ্রানক্ষত্র মুহূর্ত্তে অশ্লেষানক্ষত্রমুহূর্ত্তে বা যঃ প্রসূয়তে স চাশু তৎক্ষণাদেব প্রাণৈর্বিমুচ্যতে ম্রিয়ত ইত্যর্থঃ ॥ ২২ ॥

দ্রেক্কাণরিষ্টমাহ । লগ্ন ইতি । যে নিগড় পক্ষপর্প পক্ষপাশধর সংজ্ঞা দ্রেক্কাণাস্তে লগ্নগতাঃ ক্রূরযুতাঃ ন স্বপতিনা দৃষ্টাঃ সপ্তবর্ষৈর্মরণায় স্যুঃ ॥২৩॥

কেতুরিষ্ট বলিতেছেন । যে নক্ষত্রে কেতুগ্রহ অবস্থান করে সেই নক্ষত্রে, আর্দ্রানক্ষত্র মুহূর্ত্তে এবং অশ্লেষানক্ষত্র মুহূর্ত্তে যে ব্যক্তি জন্মগ্রহণ করে সে শীঘ্রই প্রাণপরিত্যাগ করে ॥ ২২ ॥

দ্রেক্কাণরিষ্ট বলিতেছেন । যদি নিগড়, সর্প, পক্ষি, পাশধর সংজ্ঞক দ্রেক্কাণ-লগ্নগত হয় উহাতে যদি পাপগ্রহের দৃষ্টি থাকে এবং স্বীয় অধিপতি গ্রহকর্ত্তৃক অবলোকিত না হয় তাহা হইলে জাত ব্যক্তির সপ্তবর্ষে মৃত্যু হয় ॥ ২৩ ॥

জন্মরাশি ও লগ্নাধিপতির রিষ্টি বলিতেছেন । জন্মলগ্নাধিপতি ও জন্ম-

সৌম্যগ্রহরিষ্টং।

সৌম্যাঃ ষষ্ঠাষ্টমগাঃ পাপৈর্ব্বক্রোপসর্গযুতৈর্দ্দৃষ্টাঃ।
মাসেন মৃত্যুদাস্তে যদি ন শুভৈস্তত্র সংদৃষ্টাঃ॥ ২৫॥

পাপগ্রহরিষ্টং।

একঃ পাপোঽষ্টমগঃ শত্রুগৃহী শত্রুবীক্ষিতো বর্ষাৎ।
মারয়তি নবং প্রসূতং সুধারসোয়েন পীতোঽপি॥ ২৬॥

